জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক ২০২৪ শিক্ষাবর্ষ থেকে
তৃতীয় শ্রেণির শিক্ষক সহায়িকারূপে নির্ধারিত

# খ্রীষ্টধর্ম ও নৈতিক শিক্ষা

## তৃতীয় শ্রেণি

(পরীক্ষামূলক সংস্করণ)

# শিক্ষক সহায়িকা


রচনা ও সম্পাদনা

স্কলাস্টিকা রোজারিও

সিস্টার শেফালি ভেরোনিকা গমেজ

বার্নাডেট দীপা গোমেজ

সিস্টার শেষান্তি মার্গারেট নকরেক

সুচিত্রা বাড়ৈ

জনাব মোঃ আবুল কালাম আজাদ

জনাব মোঃ ওয়াজকুরনী



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

৬৯-৭০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

কর্তৃক প্রকাশিত


---

(প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত)

---------------------

--------------------------------


**ছবি ও অলংকরণ**

আরিফুল ইসলাম

**কম্পিউটার গ্রাফিক্স**

মো. রেদওয়ানুর রহমান

**ডিজাইন**

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ


প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির আওতায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

---

মুদ্রণে:

# প্রসঙ্গ কথা

শিক্ষাক্রম উন্নয়ন ও পরিমার্জন 'জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড' এর একটি নিয়মিত ও ধারাবাহিক কার্যক্রম। 'জাতীয় শিক্ষাক্রম ২০১০' প্রণীত হওয়ার পর সর্বশেষ ২০১২ সালে প্রাথমিক শিক্ষাক্রম পরিমার্জন করা হয়। যুগের বিবর্তনে পরিবর্তনশীল পৃথিবীর সঙ্গে সংগতি রেখে এই শিক্ষাক্রম উন্নয়ন ও পরিমার্জনের উদ্যোগ গৃহিত হয়। ২০৪১ সালের মধ্যে বাংলাদেশের উন্নত দেশে পদার্পনের লক্ষ্যমাত্রা অর্জন এবং চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা করে একটি নিরাপদ, উন্নত ও উদ্ভাবনী দেশের মর্যাদায় পৌঁছাতে সক্ষম এমন একটি প্রজন্ম গড়ে তোলার লক্ষ্যেই এই শিক্ষাক্রমের অভিযাত্রা। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে একটি অভিন্ন কাঠামোতে যোগ্যতাভিত্তিক এই শিক্ষাক্রম প্রণয়ন করা হয়েছে। জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ প্রাথমিক স্তর- এর আলোকে শিখন-শেখানো কার্যক্রম, সক্রিয় শিখন ও অভিজ্ঞতাভিত্তিক করার লক্ষ্যে পাঠ্যপুস্তক প্রণয়ন করা হয়েছে। পাঠ্যপুস্তকের বিষয়বস্তু অধিকতর বাস্তবায়নযোগ্য করার লক্ষ্যে পাঠ্যপুস্তকের সঙ্গে 'শিক্ষক সহায়িকা' প্রণয়ন করা হয়েছে। এ শিক্ষক সহায়িকা প্রণয়নের ক্ষেত্রে দেশীয় প্রেক্ষাপটে প্রয়োগযোগ্য আন্তর্জাতিক পদ্ধতি ও কৌশল অনুসরণ করা হয়েছে।

ধর্ম ও নৈতিক শিক্ষা প্রাথমিক স্তরের একটি আবশ্যকীয় বিষয়। তৃতীয় শ্রেণির পাঠ্যপুস্তক 'খ্রীষ্টধর্ম ও নৈতিক শিক্ষা' বিষয়ক পাঠ্যপুস্তকের ভিত্তিতে রচিত এই শিক্ষক সহায়িকাটি এরই অংশ। এতে নির্ধারিত অর্জন-উপযোগী যোগ্যতা পারদর্শিতার সূচকের ভিত্তিতে প্রতিটি পাঠের শিক্ষা উপকরণ, পাঠের বিষয়বস্তু, শিখন-শেখানো কার্যাবলি, পরিকল্পিত কাজ, উপস্থাপন ও আলোচনা, ধারাবাহিক মূল্যায়নের জন্য পারদর্শিতার সূচক ও স্ট্র্যান্ড সংযোজন করা হয়েছে। শিক্ষক সহায়িকাটিতে শিক্ষার্থীদের বিষয়সংশ্লিষ্ট জ্ঞান অর্জনের পাশাপাশি ধর্মীয় অনুশাসন চর্চা, নৈতিক গুণাবলি অর্জন, সামাজিক দৃষ্টিভঙ্গি ও মানবিক মূল্যবোধ বিকাশের বিষয়গুলো বিশেষভাবে গুরুত্ব প্রদান করা হয়েছে। এছাড়া, বিভিন্ন ধর্মের আচার-অনুষ্ঠান, জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সকল মানুষের সহাবস্থান এবং প্রকৃতি ও পরিবেশ সুরক্ষা প্রভৃতি বিষয়ও স্থান দেয়া হয়েছে। প্রত্যেক শিক্ষকেরই নিজস্ব শিখন-শেখানো পদ্ধতি ও পাঠ উপস্থাপনের কৌশল আছে। শিক্ষক তাঁর নিজস্ব চিন্তাভাবনার সঙ্গে সংযোজিত বিস্তারিত শিক্ষাক্রম ও শিক্ষক সহায়িকায় বর্ণিত নির্দেশনার সমন্বয় সাধন করে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনা করবেন এটিই প্রত্যাশা করি।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের প্রত্যক্ষ তত্ত্বাবধানে তৃতীয় শ্রেণির খ্রীষ্টধর্ম ও নৈতিক শিক্ষার 'শিক্ষক সহায়িকা' গ্রন্থটি প্রণয়ন করা হয়েছে। লেখক, যৌক্তিক মূল্যায়নকারী, সমন্বয়ক, বিষয় বিশেষজ্ঞ, শিল্পনির্দেশক, চিত্রশিল্পী, গ্রাফিক্স ডিজাইনার, শিক্ষাক্রম বিশেষজ্ঞগণ, মুদ্রণ ও প্রকাশনা সহায়তাকারীদের অবদান পাঠ্যপুস্তকটিকে ঋদ্ধ করেছে। তাঁদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ। প্রকাশনা যন্ত্রনির্ভর কাজ। সার্বিক প্রচেষ্টা সত্ত্বেও কিছু অনিচ্ছাকৃত মুদ্রণজনিত ত্রুটি-বিচ্যুতি থাকলে অবশ্যই সেগুলো পরবর্তী সময়ে সংশোধন করা হবে। পাঠ্যপুস্তকটি ত্রুটিমুক্তকরণে সকলের সুচিন্তিত মতামত ও পরামর্শ প্রত্যাশা করি।

**প্রফেসর মোঃ ফরহাদুল ইসলাম**
চেয়ারম্যান
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# সূচিপত্র

**প্রথম অধ্যায়** সেশন: ১ - ৬

ঈশ্বর প্রদত্ত দশ আজ্ঞা ০২

**দ্বিতীয় অধ্যায়** সেশন: ৭ - ১২

যীশুর কর্মজীবন ২৪

**তৃতীয় অধ্যায়** সেশন: ১৩ - ২৩

পরোপকার ও শ্রদ্ধাবোধ ৪২

**চতুর্থ অধ্যায়** সেশন: ২৩ - ৩০

প্রার্থনা ও বিশ্বশান্তি ৭০

**পঞ্চম অধ্যায়** সেশন: ৩১ - ৩৬

মানুষ, প্রকৃতি ও জীবজগৎ ৯০



# অধ্যায় ১

প্রথম অধ্যায়

পাঠ: ১

# ঈশ্বর প্রদত্ত দশ আজ্ঞা

## সেশন-১

## অর্জন- উপযোগী যোগ্যতা

১.১ ঈশ্বরের দশ আজ্ঞা সম্পর্কে অবগত হয়ে ঈশ্বরকে ভালোবাসতে ও সেবা করতে পারা।

পাঠের শিরোনাম: **ঈশ্বর প্রদত্ত দশ আজ্ঞা**

## শিখন- শেখানো কার্যাবলি

- শিক্ষক শ্রেণিতে প্রবেশ করে শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় ও শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষক সকল শিক্ষার্থীকে এককভাবে প্রতিদিনের নিয়মকানুন পালন করতে বলবেন।
- শিক্ষার্থীরা তাদের পরিবেশ থেকে পাওয়া বাস্তব অভিজ্ঞতা থেকে পালন করবে।
- এরপর শিক্ষক শিক্ষার্থীদেরকে নিয়মকানুন নিয়ে দলে আলোচনা করতে দিবেন।
- এভাবে শিক্ষার্থীরা তাদের বাস্তব অভিজ্ঞতা একে অপরের সঙ্গে সহযোগিতা করবে।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ

- শিক্ষক শিক্ষার্থীদেরকে দলে ঈশ্বর প্রদত্ত আজ্ঞাগুলো পড়তে দিবেন।

- এরপর শিক্ষার্থীরা এই আজ্ঞাগুলো দৈনন্দিন জীবনে কীভাবে পালন করে তা বাস্তব অভিজ্ঞতার আলোকে আলোচনা করবে এবং দলে উপস্থাপন করে পর্যবেক্ষণ করবে।
- মোশীর হাতে দশ আজ্ঞার একটি ছবি প্রদর্শন/ ভিডিও দেখাবেন।
- শিক্ষার্থীদের ভালোমতো পর্যবেক্ষণ করতে উৎসাহিত করবেন।
- ভিডিওটি সম্পর্কে দুই মিনিট চিন্তা করতে বলবেন।
- ভিডিওটি দেখে শিক্ষার্থীরা যা অনুধাবন করেছে তা পরস্পরের সঙ্গে সহযোগিতা করবে।


## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের বই খুলে আজ্ঞাগুলো ভালোভাবে পড়তে বলবেন। তারা যে আজ্ঞাগুলো মেনে চলে তা ঈশ্বরের দশ আজ্ঞার সঙ্গে তুলনা করে আজ্ঞাগুলোকে জানতে পারবে।
- এই ধরনের আজ্ঞা সে প্রাত্যহিক জীবনে কীভাবে মেনে চলে তা বলবে।

## সক্রিয় পরীক্ষণ

- শিক্ষক শিক্ষার্থীদের দলে ভাগ করে দিবেন এবং পাঠ্য বইয়ের গাছের ছবিটি সরবরাহ করে গাছটিতে মা-বাবা তার জন্য যা করেন তা লিখতে দিবেন।
- দশ আজ্ঞা জানার পর নিচের ছকটি বাম পাশের খালি জায়গা ডান পাশের তথ্য অনুযায়ী পূরণ করবে।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।



| | |
|---|---|
| i) _______________ দশ আজ্ঞা দেয়া হলো। | |
| ii) ঈশ্বরের নাম __________ নিবে না। | |
| iii) মিথ্যা __________ দেবে না। | |
| iv) পিতামাতাকে __________ করবে। | |
| v) ___________________ করবে না। | |

| | |
|---|---|
| i) সম্মান | |
| ii) চুরি | |
| iii) মোশীর কাছে | |
| iv) সাক্ষ্য | |
| v) অনর্থক | |

পাঠ: ২

# ঈশ্বর প্রদত্ত দশ আজ্ঞা

## সেশন-২

## অর্জন- উপযোগী যোগ্যতা

১.১ ঈশ্বরের দশ আজ্ঞা সম্পর্কে অবগত হয়ে ঈশ্বরকে ভালোবাসতে ও সেবা করতে পারা।

পাঠের শিরোনাম: **প্রথম, দ্বিতীয়/তৃতীয় আজ্ঞা**

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষক শিক্ষার্থীরা কী কী আজ্ঞা পালন করে ও মেনে চলে তা চিন্তা করে তা পরস্পরের সঙ্গে সহযোগিতা করতে বলবেন।
- শিক্ষার্থীরা তাদের পরিবেশ থেকে পাওয়া বাস্তব অভিজ্ঞতা থেকে চিন্তা করে পরস্পরের সঙ্গে সহযোগিতা করবে।
- এরপর শিক্ষক শিক্ষার্থীদেরকে তাদের প্রতিদিনের জীবনে আজ্ঞাগুলো মেনে চলে কী কী সুফল পাই তা নিয়ে দলে আলোচনা করতে দিবেন।
- এভাবে শিক্ষার্থীরা তাদের বাস্তব অভিজ্ঞতা একে অপরের সঙ্গে সহযোগিতা করবে।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ

- শিক্ষক শিক্ষার্থীদের বাইবেল ও প্রার্থনায় রত এমন ছবি দেখিয়ে, যে আজ্ঞাগুলো তারা মেনে চলে ও পালন করে তা পরস্পরকে পর্যবেক্ষণ করবে।
- শিক্ষক পাঠ্যবইয়ের আজ্ঞাগুলো পালন করতে দিয়ে একে অপরকে পর্যবেক্ষণ করতে দিবেন।
- ছবিটি সম্পর্কে দুই মিনিট চিন্তা করতে বলবেন।
- তারপর শিক্ষার্থীদের কাছ থেকে তাদের অনুভূতি শুনবেন।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের বই খুলে পাঠটি ভালোভাবে পড়তে বলবেন।
- শিক্ষক নিচের ছবি দেখিয়ে এখানে কী ধরনের আজ্ঞা পালন করছে তা শিক্ষার্থীদের পর্যবেক্ষণ ও উপস্থাপন করতে বলবেন।



হাত তুলে প্রভুর প্রশংসা করা

- এই আজ্ঞাটি সে প্রাত্যহিক জীবনে কীভাবে মেনে চলে তা বলবে।
- শিক্ষক কর্মপত্র হিসেবে নিচের প্রশ্নগুলো শিক্ষার্থীদের দিবেন তাদের দলে সহযোগিতা করতে বলবেন ও পোস্টার পেপারে লিখতে দিবেন। প্রতি দল থেকে একজন উপস্থাপন করবে।


১. ঈশ্বর মোশীর কাছে কয়টি আজ্ঞা দিয়েছিলেন? দশ আজ্ঞার প্রথম ও দ্বিতীয়/তৃতীয় আজ্ঞাগুলো তুমি কিভাবে পালন কর তা দলে পালন করে দেখাবে।

২. ঈশ্বরের প্রতি আমাদের ভালোবাসা প্রমাণ করার জন্য আমাদের কী করতে হবে? শিক্ষার্থীরা তা করে দেখাবে।

## সক্রিয় পরীক্ষণ

- শিক্ষার্থীরা  প্রথম, দ্বিতীয়/তৃতীয় আজ্ঞা পালন করে দেখাবে। এখানে সকল শিক্ষার্থী সক্রিয়ভাবে অংশগ্রহণ ও পর্যবেক্ষণ করবে ।
- শিক্ষার্থীরা আরও কী কী আজ্ঞা পালন করে তা অভিনয় করে দেখাবে। এখানে সকল শিক্ষার্থী সক্রিয়ভাবে অংশগ্রহণ করবে।
- শিক্ষার্থীরা ঈশ্বরকে ধন্যবাদ জানিয়ে ছোটো একটি প্রার্থনা করবে।

ক. শিক্ষার্থীরা প্রথম আজ্ঞা সম্পর্কে নিচের ছকটি সঠিক তথ্য দিয়ে পূরণ করবে। এভাবে দ্বিতীয়/তৃতীয় আজ্ঞা সম্পর্কে লিখবে।




i) ঈশ্বরে বিশ্বাস করি
ii) ঈশ্বরের পরিবর্তন নেই
iii) ঈশ্বর সর্বশক্তিমান
iv) বিশ্বস্ত ঈশ্বর
vi) ঈশ্বর উদাসীন
vii) ঈশ্বর পবিত্র ও ন্যায়বান

- শিক্ষার্থীরা একসঙ্গে এই গানটি করবে। “মোরা ঈশ্বরের উদ্দেশে করি ভজন”।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ৩

# ঈশ্বর প্রদত্ত দশ আজ্ঞা

## সেশন- ৩

## অর্জন- উপযোগী যোগ্যতা

১.১ ঈশ্বরের দশ আজ্ঞা সম্পর্কে অবগত হয়ে ঈশ্বরকে ভালোবাসতে ও সেবা করতে পারা।

পাঠ শিরোনাম: **আরও দুইটি আজ্ঞা**

## পিরিয়ড সংখ্যা: ২

## পাঠ বিভাজন

পিরিয়ড-১; চতুর্থ আজ্ঞা

পিরিয়ড-২; পঞ্চম আজ্ঞা


## পিরিয়ড-১

পাঠের শিরোনাম: **"বিশ্রামবারে বিশ্রাম করে তা শুদ্ধভাবে পালন করবে।"**

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষক সকল শিক্ষার্থীকে এককভাবে দশ আজ্ঞা বলতে বলবেন।
- শিক্ষার্থীরা তাদের পারিবারিক পরিবেশ থেকে যা শিখেছে এবং অভিজ্ঞতা অর্জন করেছে সেভাবে প্রার্থনাটি বলবে।
- শিক্ষার্থীরা সবাই প্রার্থনায় অংশগ্রহণ করবে। এরপর শিক্ষক শিক্ষার্থীদেরকে তাদের প্রতিদিনের জীবন যাপনে এই আজ্ঞাগুলো কীভাবে পালন করে তা দলে আলোচনা করতে দিবেন।
- এভাবে শিক্ষার্থীরা তাদের বাস্তব অভিজ্ঞতা একে অপরের সঙ্গে সহযোগিতা করবে। শিক্ষক প্রয়োজনে সহায়তা দিবেন। সবার সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করবেন।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ



বিশ্রামবার পালন

- শিক্ষক রবিবারে খ্রীষ্টযোগ / প্রার্থনায় অংশগ্রহণের একটি ছবি প্রদর্শন/ভিডিও দেখাবেন।
- শিক্ষার্থীদের ভালোমতো পর্যবেক্ষণ করতে উৎসাহিত করবেন।
- ভিডিওটি সম্পর্কে দুই মিনিট চিন্তা করতে বলবেন এবং শিক্ষার্থীদের কাছ থেকে শুনবেন।
- এরপর শিক্ষক শিক্ষার্থীদের নিম্নের প্রশ্নগুলো করবেন যেন বিষয়টি শিক্ষার্থীরা সুস্পষ্টভাবে ধারণা লাভ করতে পারে।

১. রবিবারে তুমি বিশেষভাবে কী কর?

২. ঈশ্বর কোন দিন বিশ্রাম নিয়েছেন?

৩. বিশ্রামবারে কী করা উচিত?

- শিক্ষার্থীদের কাছ থেকে উত্তর শোনার জন্য ৩-৫ সেকেন্ড সময় নিবেন। শিক্ষার্থীদের উত্তর শুনবেন। প্রয়োজনে সহায়তা দিবেন। সবার সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করবেন।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যবই থেকে পাঠটি ভালোভাবে পড়তে বলবেন।
- প্রয়োজনে নিচের প্রশ্নগুলোর মাধ্যমে আলোচনা করে সুস্পষ্ট ধারণা দিবেন-

ক)

১. ঈশ্বর কয়টি আজ্ঞা দিয়েছেন?

২. ঈশ্বর প্রদত্ত আজ্ঞাগুলোর নাম কী?

৩. প্রথম আজ্ঞায় কী বলা হয়েছে?

খ) বাম পাশের খালি ঘরে ডান পাশের তথ্য অনুযায়ী পূরণ করো-

| | |
|---|---|
| i) অযথা ________________ নাম অনর্থক নিবো না। | i) সম্মান করবো। |
| ii) বিশ্রামবারে ______________________। | ii) উপাসনায় অংশগ্রহণ করবো। |
| iii) ______________ জন্যই আমরা পৃথিবীতে আসতে পেরেছি। | iii) ঈশ্বরের |
| iv) পিতামাতাকে ____________________। | iv) পিতামাতার |
| v) ঈশ্বর প্রভুকে _____________________। | v) পূজা করবো |

## সক্রিয় পরীক্ষণ

### একক কাজ

শিক্ষক মা-বাবার মঙ্গলের জন্য শিক্ষার্থীদের একটি প্রার্থনা লিখতে দিবেন। এরপর প্রত্যেক শিক্ষার্থীকে দিয়ে তা উপস্থাপন করতে বলবেন অথবা নিজে নিজে বাবা-মার মঙ্গলের জন্য ছোটো একটি প্রার্থনা বলবে।

### দলীয় কাজ

শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে একটি নাটিকা অভিনয় করাবেন: বাবা-মার সঙ্গে উপাসনালয়ে যাচ্ছে এবং উপাসনায় অংশগ্রহণ করছে। নাটিকাটি শ্রেণিকক্ষে উপস্থাপন করতে দিবেন।

## পিরিয়ড: ২

## অর্জন উপযোগী যোগ্যতা

১.১ ঈশ্বরের দশ আজ্ঞা সম্পর্কে অবগত হয়ে ঈশ্বরকে ভালোবাসতে ও সেবা করতে পারা।

পাঠের শিরোনাম: **"তুমি পিতামাতাকে সম্মান করবে।"**

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষক শিক্ষার্থীদেরকে তাদের প্রতিদিনের জীবনে এই আজ্ঞাটি কীভাবে পালন করে তা দলে আলোচনা করতে দিবেন।
- এভাবে শিক্ষার্থীরা তাদের বাস্তব অভিজ্ঞতা একে অপরের সঙ্গে সহযোগিতা করবে।
- শিক্ষক প্রয়োজনে সহায়তা দিবেন। সবার সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করবেন।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ



- শিক্ষক পিতা-মাতার সঙ্গে সন্তানের একটি ছবি/ভিডিও দেখাবেন।

- শিক্ষার্থীদের ভালোমতো পর্যবেক্ষণ করতে উৎসাহিত করবেন।
- ভিডিওটি সম্পর্কে ২ মিনিট চিন্তা করতে বলবেন এবং শিক্ষার্থীদের কাছ থেকে তাদের অনুভূতি শুনবেন।
- এরপর পূর্বের অভিজ্ঞতার সঙ্গে তা মিলিয়ে উপস্থাপন করতে বলবেন। প্রয়োজনে নিচের প্রশ্নগুলো করবেন-

১. অসুস্থতার সময়ে কে আমাদের যত্ন নেন?

২. প্রতিদিন তোমার সকল কাজে কে সাহায্য করে থাকেন?

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যবই থেকে পাঠটি ভালোভাবে পড়তে বলবেন।
- এই ধরনের আজ্ঞা সে কোথায় মেনে চলে তা দলে সহভাগিতা করবে।
- প্রতিটি দল থেকে একজন উপস্থাপন করবে। এভাবে প্রতিটি দল উপস্থাপন করবে। শেষ হবার পর শিক্ষক প্রয়োজনে সংক্ষিপ্ত প্রশ্নোত্তর আলোচনা করে সুস্পষ্ট ধারণা দিবেন।

১. পিতামাতাকে তুমি কীভাবে শ্রদ্ধা / সম্মান করে থাক?

২. তুমি কীভাবে পিতামাতার প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ কর?

## সক্রিয় পরীক্ষণ

### দলীয় কাজ

- শিক্ষক শিক্ষার্থীদের দলে পরিবারে সে কীভাবে বাবা-মাকে সম্মান করে তা অভিনয়ের মাধ্যমে উপস্থাপন করে দিবেন।

### একক কাজ

- বাবা-মার সঙ্গে উপাসনালয়ে যাচ্ছে এমন একটি ছবি আঁকবে।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ৪

# ঈশ্বর প্রদত্ত দশ আজ্ঞা

## সেশন-৪

## অর্জন উপযোগী যোগ্যতা

১.১ ঈশ্বরের দশ আজ্ঞা সম্পর্কে অবগত হয়ে ঈশ্বরকে ভালোবাসতে ও সেবা করতে পারা।

পাঠের শিরোনাম: **“একমাত্র ঈশ্বরের সেবা ও পূজা করা”**

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষক সকল শিক্ষার্থীকে এককভাবে একটি প্রার্থনা করতে বলবেন।
- শিক্ষার্থীরা তাদের একেবারেই নিজ পরিবেশ থেকে পাওয়া বাস্তব অভিজ্ঞতা থেকে প্রার্থনাটি করবে।
- শিক্ষার্থীরা সবাই প্রার্থনায় অংশগ্রহণ করবে। এরপর শিক্ষক শিক্ষার্থীদেরকে প্রার্থনা করার বিষয়টি দলে আলোচনা করতে দিবেন।
- এভাবে শিক্ষার্থীরা তাদের বাস্তব অভিজ্ঞতা একে অপরের সঙ্গে সহভাগিতা করবে।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ



ভক্তিপূর্ণ প্রার্থনা

- শিক্ষক পরিবারের সঙ্গে প্রার্থনা করছে বা দলীয় প্রার্থনার একটি ছবি প্রদর্শন/ভিডিও দেখাবেন।
- শিক্ষার্থীদের ভালোমতো পর্যবেক্ষণ করতে উৎসাহিত করবেন।
- ভিডিওটি সম্পর্কে কিছু সময় চিন্তা করতে বলবেন।
- শিক্ষার্থীদের কাছ থেকে উত্তর শুনবেন।
- এরপর শিক্ষার্থীদের মতামতের সারসংক্ষেপ দলীয়ভাবে একটি পোস্টারে লিখতে বলবেন।
- লেখা শেষ হলে দলের একজন তা উপস্থাপন করবে।
- বিষয়টি স্পষ্ট করার জন্য বিশ্রামবার পালন সম্পর্কে নিম্নোক্ত প্রশ্নগুলো করবেন:

    ১. প্রতিদিন সন্ধ্যায় তোমরা পরিবারে কী কর?

    ২. তুমি কোন প্রার্থনাটি করতে শিখেছ?

    ৩. তুমি দিনে কতবার ঈশ্বরের নাম নিয়ে থাক?

    ➢ শিক্ষার্থীদের দলে ভাগ করে শিক্ষক প্রতিটি দলকে “ঈশ্বরের নাম অনর্থক নিবে না” -এর উপর একটি স্ক্রিপ্ট বা নাটিকা বা গল্প লিখতে দিবেন। এর জন্য ১৫ মিনিট সময় দিবেন। সব দলের লেখা শেষ হলে তা অভিনয় করবে। শিক্ষার্থীদের ভালোমতো পর্যবেক্ষণ করতে উৎসাহিত করবেন। তারপর তাদের কিছু সময় চিন্তা করতে বলবেন। ৪/ ৫ জন শিক্ষার্থীর কাছ থেকে উত্তর শুনবেন।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যপুস্তক থেকে পাঠটি ভালোভাবে পড়তে বলবেন।
- এই ধরনের আজ্ঞা সে কীভাবে মেনে চলে তা বলবে। ঈশ্বরের নাম অনর্থক নিলে কী হয়? আমি কী করছি? আমার কী করা উচিত? এই প্রশ্নগুলোর উত্তর কয়েকজনের কাছ থেকে শিক্ষক সংগ্রহ করবেন। এভাবে প্রতিটি দলের উপস্থাপন শেষ হবার পর শিক্ষক প্রয়োজনে সংক্ষিপ্ত প্রশ্নোত্তর আলোচনা করে সুস্পষ্ট ধারণা দিবেন-

    ১. আমরা কার পূজা করি?

    ২. তোমরা কার সেবা করবে?

    ৩. তোমার সামনে কেউ যদি ঈশ্বরের নামে শপথ করে, তখন তুমি কী করবে?

    ৪. এই শিক্ষা তুমি কীভাবে নিজ জীবনে পালন করবে?

## সক্রিয় পরীক্ষণ

### জোড়ায় কাজ

- শিক্ষক শিক্ষার্থীদের প্রশ্ন করবেন, তুমি কি কখনো কোনো সেবাকাজ বা দয়ার কাজ করেছ এবং তা করার পর তোমার কেমন লেগেছে তা তোমার পাশের সহপাঠীর সঙ্গে সহভাগিতা করো। সহভাগিতা শেষ হলে একজন সামনে এসে অনুভূতি প্রকাশ করবে।

### দলীয় কাজ

- শিক্ষক শিক্ষার্থীদের দলে ভাগ করে একটি স্ক্রিপ্ট লিখতে বলবেন।
- তাদের লেখা স্ক্রিপ্টগুলো অভিনয় করাবেন।
- অভিনয় শেষে শিক্ষক শিক্ষার্থীদের বলবেন তোমরা এই অভিনয় থেকে যা বুঝতে পেরেছো তা দলে আলোচনা করো।
- আলোচনা শেষে কয়েকজনকে সহভাগিতা করতে বলবেন।
- শিক্ষক সহায়তা করবেন সঠিকভাবে বিষয়টি বোঝাতে।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ৫

# ঈশ্বর প্রদত্ত দশ আজ্ঞা

## সেশন-৫

## অর্জন উপযোগী যোগ্যতা

১.১ ঈশ্বরের দশ আজ্ঞা সম্পর্কে অবগত হয়ে ঈশ্বরকে ভালোবাসতে ও সেবা করতে পারা।

পাঠের শিরোনাম: **"বিশ্রামবার শুদ্ধভাবে পালন"**

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শ্রেণিতে প্রবেশ করে শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় ও শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- সকল শিক্ষার্থী রবিবার দিন বিশেষ কী কী কাজ করে তা বলবে।
- শিক্ষার্থীরা তাদের নিজ নিজ পরিবারে যা করে থাকে সেই বাস্তব অভিজ্ঞতা থেকে সহভাগিতা করবে।
- শিক্ষার্থী রবিবার দিন বিশেষ কী কী কাজ করে তা দলে তাদের বাস্তব অভিজ্ঞতার আলোকে আলোচনা করে উপস্থাপন করবে।
- কয়েকজনের উত্তর শুনবেন। প্রয়োজনে সহায়তা দিবেন। সবার সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করবেন।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ



উপাসনারত ভক্তগণ

- শিক্ষক গির্জা ঘরে প্রার্থনায় অংশগ্রহণের একটি ছবি প্রদর্শন/ভিডিও দেখাবেন।

- শিক্ষার্থীদের ভালোমতো পর্যবেক্ষণ করতে উৎসাহিত করবেন।
- ভিডিওটি সম্পর্কে কিছু সময় চিন্তা করতে বলবেন।
- এরপর শিক্ষার্থীদের কাছ থেকে তাদের অভিজ্ঞতার আলোকে তাদের অনুভূতি শুনবেন।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের বই খুলে পাঠটি ভালোভাবে পড়তে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের রবিবার দিনের অভিজ্ঞতার একটি প্রতিবেদন লিখতে বলবেন।
- তারপর পাঠের সঙ্গে মিল রেখে বিশ্রামবার পালন সম্পর্কে নিম্নোক্ত প্রশ্নগুলো করবেন।


১. ঈশ্বর কোন দিনে বিশ্রাম নিয়েছেন?

২. ঈশ্বর যেদিন বিশ্রাম নিয়েছেন তাকে কী বলে?

৩. বিশ্রামবারে আমাদের কী করা উচিত?

৪. রবিবারে তুমি বিশেষভাবে কী করে থাক?

- শিক্ষার্থীদেরকে বিশ্রামবার সম্পর্কে তাদের অভিজ্ঞতার আলোকে সঠিক তথ্য দিয়ে নিচের ছকটি পূরণ করতে দিবেন




১. দান দেয়া

২. প্রভুর ভোজে অংশগ্রহণ

৩. উপাসনায় যোগ দেয়

৪. সারা দিন ঘুমায়

৫. অন্যকে সাহায্য করে

৬. গানে অংশ নেয়

৭. কাজে ফাঁকি দেয়

৮. সক্রিয়ভাবে প্রার্থনায় যোগ দেয়

খ। শিক্ষার্থীদেরকে বিশ্রামবার সম্পর্কে বাম পাশের সঙ্গে ডান পাশের মিল করতে দিবেন:

| | |
|---|---|
| i) **স্নেহা** রবিবার স্কুল খোলা থাকলেও | i) বন্ধুদের সাথে বেড়াতে যায়। |
| ii) সজল ক্লাসে যাওয়ার নাম করে | ii) টিফিন খায়। |
| iii) সজলের মার মনে | iii) উপাসনায় যোগ দিতে প্রতিজ্ঞা করে। |
| iv) সজল দানের টাকা দিয়ে | iv) সন্দেহ হলো। |
| v) সজল তার ভুল বুঝতে পারে এবং | v) উপাসনায় যোগ দেয়। |

## সক্রিয় পরীক্ষণ

### দলীয় কাজ

- শিক্ষক বিশ্রামবার শুদ্ধভাবে পালন করে এমন একটি রোল প্লে করাবেন।
- আরেকটি দল বিশ্রামবার শুদ্ধভাবে পালন করছে না ফাঁকি দিচ্ছে বা উপাসনায় গিয়ে অন্যায় কাজ করছে এমন একটি রোল প্লে করবে।
- প্রত্যেকে মনোযোগ সহকারে পর্যবেক্ষণ করবে। রোল প্লে শেষ হলে কয়েকজনের কাছ থেকে মতামত জানতে চাইবেন।

### একক কাজ

- ‘বিশ্রামবার শুদ্ধভাবে পালন’ বিষয়ে শিক্ষার্থীদের একটি ছবি আঁকতে দিবেন (বাবা-মার সঙ্গে উপাসনালয়ে যাচ্ছে এবং উপাসনায় অংশগ্রহণ করছে)।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ৬

# ঈশ্বর প্রদত্ত দশ আজ্ঞা

## সেশন-৬

## অর্জন উপযোগী যোগ্যতা

১.১ ঈশ্বরের দশ আজ্ঞা সম্পর্কে অবগত হয়ে ঈশ্বরকে ভালোবাসতে ও সেবা করতে পারা।

পাঠের শিরোনাম: **পিতামাতাকে সম্মান প্রদর্শন**

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশ করে শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় ও শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষার্থীরা তাদের পরিবারের সদস্যদের পরিচয় বলবে।
- শিক্ষার্থীরা কীভাবে পিতামাতাকে সম্মান প্রদর্শন করে তা বলবে।
- শিক্ষার্থীদেরকে জোড়ায় নিজ পরিবারে কীভাবে পিতামাতাকে সম্মান প্রদর্শন করতে হয় তা সহভাগিতা করে বলবেন।


## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ

- শিক্ষার্থীরা তাদের একেবারেই আপন পরিবেশ থেকে পাওয়া বাস্তব অভিজ্ঞতা থেকে দলে পিতামাতাকে কীভাবে সম্মান প্রদর্শন করেছে তা আলোচনা করবে। সবাই সক্রিয় অংশগ্রহণ করবে।
- এরপর শিক্ষক শিক্ষার্থীদের মধ্য থেকে কয়েকজনকে সামনে এসে উপস্থাপন করতে দিবেন।
- শিক্ষক পবিত্র পরিবারের ছবি, বাবা-মাকে সম্মান প্রদর্শন করছে এমন একটি ছবি/ভিডিও দেখাবেন।
- শিক্ষার্থীদের ভালোমতো পর্যবেক্ষণ করতে উৎসাহিত করবেন।
- ভিডিওটি সম্পর্কে কিছু সময় চিন্তা করতে বলবেন।

- ভিডিওতে বা ছবিতে যা দেখেছে তা শিক্ষার্থীদের কাছ থেকে শুনবেন।
- এরপর শিক্ষার্থীরা বাস্তব অভিজ্ঞতার আলোকে তাদের অভিজ্ঞতা মেলাবেন এবংদলে ছবি বা ভিডিও দেখে আলোচনা করে পোস্টার পেপারে/খাতায় লিখবে।
- লেখা শেষ হলে সবার উদ্দেশ্যে দল থেকে একজন সামনে এসে উপস্থাপন করবে।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের বই খুলে পাঠটি ভালোভাবে পড়তে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্য বইয়ের আলোকে সাগর তার পিতামাতার জন্য কী কী করে তা বলবে।
- সাগরের মতো তোমরা বাবা-মার জন্য কী কী করো তা নিচের ছকে লিখো:




- তারপর পাঠের সঙ্গে মিল রেখে পিতামাতাকে সম্মান প্রদর্শন সম্পর্কে নিম্নোক্ত প্রশ্নগুলো করবেন।

১. তোমার পরিবারে কে কে আছে?
২. কে তোমাদের যত্ন নেয়?
৩. তোমার পরিবারে কে সবচেয়ে বয়োজ্যেষ্ঠ?
৪. বড়োদের সঙ্গে তোমরা কেমন ব্যবহার কর?
৫. বড়োদের আমাদের কী করা উচিত?
৬. তুমি তোমার বাবা-মার জন্য কী কর?



## সক্রিয় পরীক্ষণ

### দলীয় কাজ

- শিক্ষক শিক্ষার্থীদের দলে ভাগ করে এই কাজটি করতে দিবেন। দশ আজ্ঞার চতুর্থ আজ্ঞাটি সে কোথায় মেনে চলে তা দলে আলোচনা করবে এবং লিখবে।
- এর পর দলের একজন সামনে এসে উপস্থাপন করবে।

### একক কাজ

শিক্ষক শিক্ষার্থীদের নিম্নের কাজটি করতে দিবেন।

আমি মা বাবার জন্য কী কী করি ?

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

শিখন যোগ্যতা মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা Performance Indicator (PI)

| শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | PI ক্রমিক নম্বর | পারদর্শিতার নির্দেশক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | ভালো | খুব ভালো | উত্তম |
| ১.১.ঈশ্বরের দশ আজ্ঞা সম্পর্কে অবগত হয়ে ঈশ্বরকে ভালোবাসতে ও সেবা করতে পারা। | **PI-1** | **০৮.০৩.০১.০১** ঈশ্বরের দশ আজ্ঞা বলতে ও মেনে চলতে পারছে । | দশ আজ্ঞা বলতে পেরেছে। | আজ্ঞাগুলো মেনে চলতে পেরেছে। | বাস্তব জীবনে আজ্ঞাগুলো পালন করে ঈশ্বরের অনুগত হতে পেরেছে। |
| | **PI-2** | **০৮.০৩.০১.০২** ঈশ্বরের দশ আজ্ঞার শিক্ষার আলোকে ঈশ্বরকে ভালোবাসতে পারছে। | ঈশ্বরের দশ আজ্ঞা লিখতে পেরেছে। | ঈশ্বরের দশ আজ্ঞা ব্যাখ্যা করতে পেরেছে। | বাস্তব জীবনে আজ্ঞাগুলো পালন করে প্রতিবেশীকে ভালোবাসতে পেরেছে। |



# অধ্যায়

# ২

দ্বিতীয় অধ্যায়

পাঠ: ১

# যীশুর কর্মজীবন

## সেশন-৭

## অর্জন উপযোগী যোগ্যতা

২.১ যীশুর কর্মজীবনের আদর্শ জেনে তা নিজ জীবনে অনুসরণ করা এবং অন্যকে অনুপ্রাণিত করতে পারা।

পাঠের শিরোনাম: **যীশুর প্রচার কাজ**।


## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করবেন এবং শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষার্থীরা বিদ্যালয়/পরিবারে প্রচার সম্পর্কে বলতে পারবে।
- সহপাঠীরা কে কী কাজ করে তা জোড়ায় আলোচনা করবে এবং শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।
- শিক্ষক ৩/৪ জনের সহভাগিতা শুনবেন।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ




সমাজগৃহে যীশু

- শিক্ষক যীশুর প্রচার কাজের ভিডিও/ছবি প্রদর্শন করে শিক্ষার্থীদের জোড়ায় কাজ দিবেন।
  ১. যীশু কাদের কাছে প্রচার করেছেন এবং কাদের মুক্ত করেছেন, এই বিষয়ে আলোচনা করে তা লিপিবদ্ধ করবে।
- প্রতি জোড়া থেকে একজন করে উপস্থাপন করবে।
- আর অন্যেরা মনোযোগ দিয়ে শুনবে।
- শিক্ষক সকলের সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করবেন।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক পাঠ্যপুস্তকের পাঠটি মনোযোগ দিয়ে পড়তে বলবেন।

যীশু যাদের কাছে প্রচার করেছেন তার সঠিক তালিকা চিত্র দেখে নিজ খাতায় লিখবে।





- শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন এবং প্রয়োজনে সহায়তা করবেন।

## সক্রিয় পরীক্ষণ

- শিক্ষক শিক্ষার্থীদের দলে ভাগ করে দিবেন। শিক্ষার্থীরা প্রচার কাজে কী ভূমিকা রাখতে পারে তা আলোচনা করে ডায়াগ্রামে উপস্থাপন করবে।

- দলগত কাজে প্রত্যেকে সক্রিয় অংশগ্রহণ করবে।
- দল থেকে একজন করে দলীয় কাজের উত্তর উপস্থাপন করবে।




শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠঃ ২

# যীশুর শিক্ষাজীবন

## সেশন-৮

## অর্জন উপযোগী যোগ্যতা

২.১ যীশুর কর্মজীবনের আদর্শ জেনে তা নিজ জীবনে অনুসরণ করা এবং অন্যকে অনুপ্রাণিত করতে পারা।


পাঠের শিরোনাম: **যীশুর শিক্ষাজীবন**

## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করবেন এবং শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষার্থীদের কে, কোথা থেকে শিক্ষা গ্রহণ করেছে তা বলতে দিবেন।
- শিক্ষার্থীরা বিদ্যালয়ে এবং বিদ্যালয়ের বাইরে যে শিক্ষা গ্রহণ করেছে তা পাশাপাশি সহভাগিতা করবে।
- শিক্ষার্থীরা কে, কীভাবে শিক্ষা গ্রহণ করেছে তা দলে আলোচনা করে উপস্থাপন করবে।



## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ


- শিক্ষক পাঠের সঙ্গে সম্পর্ক রয়েছে এ ধরনের ছবি /ভিডিও প্রদর্শন করবেন এবং তাদের জোড়ায় সহভাগিতা ও উপস্থাপন করতে দিবেন।

- শিক্ষার্থীদের উত্তরের সঙ্গে সমন্বয় রেখে শিক্ষক প্রয়োজনীয় সহায়তা দিবেন।
- যীশু যে শিষ্যদের আহ্বান করেছেন তা অভিনয়ের মাধ্যমে শ্রেণিতে উপস্থাপন করবে।
- অন্যেরা মনোযোগ সহকারে দেখবে।
- অভিনয়ে যা দেখেছে তা দলে সহভাগিতা করবে।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক দলে ভাগ করে দলগত কাজের জন্য পাঠ্যপুস্তকের আলোকে নিম্নলিখিত শূন্য ডায়াগ্রামটি তার ধারণা ব্যবহার করে পোস্টার পেপারে প্রদর্শন করবে।

প্রশ্ন: যীশু কোথায় কোথায় শিক্ষা দিতেন তা পাশের সঠিক শব্দ দিয়ে পূরণ করো।




১. নৌকায়
২. প্রার্থনাগৃহে
৩. জাহাজে
৪. সমাজগৃহে
৫. উপসনাগৃহে
৬. আকাশে
৭. গ্রামে গ্রামে
৮. মন্দিরে

- দলগত কাজ উপস্থাপনের জন্য দল থেকে একজন করে আহ্বান করবেন। শিক্ষার্থীদের উত্তর শোনার পর শিক্ষক পাঠ্য পুস্তকের (পাঠ: ২) অংশটুকু শিক্ষার্থীদের পাঠ করতে বলবেন।

## সক্রিয় পরীক্ষণ

- আহ্বান বলতে তুমি কী বোঝ তার একটি বিবরণ তৈরি করে উপস্থাপন করো।
- শিক্ষক ৪/৫ জনের উপস্থাপনা শুনবেন।
- শিক্ষক নতুন পরিস্থিতিতে সুন্দরভাবে উপস্থাপন ও সহভাগিতার জন্য তাদের প্রশংসা করবেন।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ৩

# যীশুর কর্মজীবন

## সেশন-৯

## অর্জন উপযোগী যোগ্যতা

২.১ যীশুর কর্মজীবনের আদর্শ জেনে তা নিজ জীবনে অনুসরণ করা এবং অন্যকে অনুপ্রাণিত করতে পারা।

পাঠের শিরোনাম: **যীশুর গুরুত্বপূর্ণ শিক্ষা**


## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করবেন এবং শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষার্থীরা কীভাবে (পরিবার/বিদ্যালয়) শিক্ষা গ্রহণ করছে তা অভিনয়ের মাধ্যমে উপস্থাপন করবে।
- তাদের বাস্তব জীবনের অভিজ্ঞতা থেকে দলে সহভাগিতা করতে দিবেন।
- শিক্ষার্থীরা দলে প্রত্যেকে সক্রিয় অংশগ্রহণ করবে।
- এরপর প্রত্যেক দল থেকে ১ জন করে উপস্থাপন  করবে।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ



শিক্ষাদানরত যীশু

- শিক্ষক শিক্ষার্থীদের যীশু শিক্ষা দিচ্ছেন এমন একটি ভিডিও/ছবি দেখাবেন। (অষ্টকল্যাণ বাণীর উপর)
- শিক্ষার্থীরা তা ভালোভাবে পর্যবেক্ষণ করবে।
- শিক্ষার্থীরা চিন্তা করবে।
- শিক্ষক শিক্ষার্থীদের দলে যীশুর গুরুত্বপূর্ণ শিক্ষার (অষ্টকল্যাণ বাণী) বিষয়ে আলোচনা করতে ও লিখতে বলবেন।
- তারপর দল থেকে একজন সহভাগিতা করবে।
- অন্যেরা মনোযোগ সহকারে তা শুনবে।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্য বই পড়তে দিবেন।
- পাঠের সঙ্গে মিল রেখে নিম্নের কাজটি করতে দিবেন।

বাম পাশের তথ্য অনুযায়ী ডান পাশের খালি জায়গায় সঠিক তথ্য খাতায় লিখো।

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| i) অন্তরে যারা দীন, ধন্য তারা | i) |
| ii) দয়ালু যারা, ধন্য তারা | ii) |
| iii) দুঃখে-শোকে কাতর যারা, ধন্য তারা | iii) |
| iv) শান্তি স্থাপন করে যারা, ধন্য তারা | iv) |

- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন, তোমরা কীভাবে যীশুর শিক্ষানুসারে জীবন যাপন করছো জোড়ায় তার একটি তালিকা প্রস্তুত করো।
- এরপর প্রস্তুতকৃত তালিকা প্রতি জোড়া থেকে ১ জন করে শ্রেণিতে উপস্থাপন করবে।

## সক্রিয় পরীক্ষণ

- শিক্ষক অষ্টকল্যাণ বাণীগুলো (যীশুর পর্বতে দত্ত উপদেশ) দিয়ে প্লেকার্ড তৈরি করবেন এবং শিক্ষার্থীদের পোস্টার পেপারে ধারাবাহিকভাবে সাজাতে বলবেন।
- প্রতি দল থেকে একজন করে সামনে এসে তা উপস্থাপন করবে।

**একক কাজ**

- শিক্ষার্থীরা কোথায়, কী দয়ার কাজ করতে পারে তার একটি তালিকা প্রস্তুত করবে।
- প্রস্তুতকৃত তালিকা কয়েকজন সামনে এসে উপস্থাপন করবে।

পাঠ: ৪

# যীশুর কর্মজীবন

## সেশন-১০

## অর্জন উপযোগী যোগ্যতা

২.১ যীশুর কর্মজীবনের আদর্শ জেনে তা নিজ জীবনে অনুসরণ করা এবং অন্যকে অনুপ্রাণিত করতে পারা।

পাঠের শিরোনাম: **পরম আরোগ্যদাতা যীশু**

## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করবেন এবং শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষার্থীরা তাদের অভিজ্ঞতা থেকে পরিবারে কেউ অসুস্থ হলে কীভাবে তার সেবা করা হয় তা বলবে।
- পরিবারে/শ্রেণিকক্ষে কেউ অসুস্থ হলে তাকে তুমি কীভাবে সেবা করবে ও সহযোগিতা করবে।
- এরপর শিক্ষক শিক্ষার্থীদেরকে দলে ভাগ করে দিবেন।
- শিক্ষার্থীরা তাদের বাস্তব অভিজ্ঞতা থেকে সহভাগিতা করবে।
- সবাই মনোযোগ সহকারে একে অন্যের কথা শুনবে।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ



আরোগ্যদাতা যীশু

- শিক্ষক শিক্ষার্থীদের যীশু শিমনের শাশুড়িকে সুস্থ করেছেন এমন একটি ভিডিও/ছবি দেখাবেন।
- শিক্ষার্থীরা তা ভালোভাবে পর্যবেক্ষণ করবে।
- শিক্ষার্থীরা চিন্তা করবে।
- এরপর শিক্ষার্থীদের কয়েকজনের অনুভূতি শুনবেন।

**একক কাজ**


- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন যীশুই যে আরোগ্যদাতা এ বিষয়ে তোমার জীবনের অভিজ্ঞতা খাতায় লেখো।
- তারপর সামনে এসে কয়েকজন তা বলবে।
- অন্যেরা মনোযোগ সহকারে তা শুনবে।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যপুস্তক পড়তে দিবেন।
- পাঠের সঙ্গে মিল রেখে নিম্নের কাজটি করতে দিবেন।

**দলীয় কাজ**

- তোমাদের পাঠ্যপুস্তকে সৌরভের পরিবারের পরিচয়ের সঠিক তথ্য দিয়ে চক্রাকারে পোস্টারে/পেপারে উপস্থাপন করো।



- তারপর পাঠের সঙ্গে মিল রেখে পরম আরোগ্যদাতা যীশু সম্পর্কে নিম্নলিখিত প্রশ্নগুলো করবেন।
    ১. যীশু কার বাড়িতে গিয়েছিলেন?
    ২. শিমনের শাশুড়ির কী হয়েছিল?
    ৩. যীশু অসুস্থদের কীভাবে সারিয়ে তুলেছিলেন?
    ৪. সৌরভের পরিবার কেমন ছিল?
- শিক্ষক শিক্ষার্থীদের উত্তরের সূত্র ধরে পাঠ সম্পর্কে পরিষ্কার ধারণা দিবেন।

## সক্রিয় পরীক্ষণ

### দলীয় কাজ

- শিক্ষক ক্লাসের একটি দলকে দিয়ে যীশু যে শিমনের শাশুড়িকে সুস্থ করেছে তা রোল প্লে করে দেখাবে।
- প্রত্যেকে মনোযোগ সহকারে দেখবে।
- রোল প্লে শেষ হলে ৪/৫ জনের কাছ থেকে তাদের অনুভূতি জানতে চাইবেন।

### একক কাজ

- পাঠ্যপুস্তকে সৌরভের পরিবার যা করেছে তুমি কীভাবে তা করতে পার তার একটি তালিকা প্রস্তুত করো।
- শিক্ষক কয়েকজনের উত্তর শুনবেন।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ৫

# যীশুর কর্মজীবন

## সেশন-১১

## অর্জন উপযোগী যোগ্যতা

২.১ যীশুর কর্মজীবনের আদর্শ জেনে তা নিজ জীবনে অনুসরণ করা এবং অন্যকে অনুপ্রাণিত করতে পারা।

পাঠের শিরোনাম: **আধ্যাত্মিক নিরাময়কারী যীশু**

## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করবেন এবং শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- তোমরা কীভাবে কঠিন কোনো রোগ থেকে আরোগ্য লাভ করেছ  তা একে অপরকে বলো।
- এরপর শিক্ষক শিক্ষার্থীদেরকে দলে ভাগ করে দিবেন।
- শিক্ষার্থীরা তাদের বাস্তব অভিজ্ঞতা অভিনয়ের মাধ্যমে উপস্থাপন করবে।
- সবাই মনোযোগ সহকারে পরস্পরের কথা শুনবে।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ



নিরাময়কারী যীশু

- শিক্ষক শিক্ষার্থীদের মৃত লাসারকে জীবনদান সম্পর্কে একটি ভিডিও/ছবি দেখাবেন।
- শিক্ষার্থীরা তা ভালোভাবে পর্যবেক্ষণ করবে।
- শিক্ষার্থীরা চিন্তা করবে।
- এরপর শিক্ষক কয়েকজনের অনুভূতি শুনবেন।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যপুস্তক পড়তে বলবেন।
- পরিবারের প্রিয়জন কেউ মারা গেলে সে পরিবারের অবস্থা কেমন হয় সে সম্পর্কে বর্ণনা করো।

পাঠের আলোকে নিম্নলিখিত প্রশ্নগুলো করবেন-

১. লাসার অসুস্থ হলে মার্থা ও মরিয়ম কী করেছিল?

২. যীশু কেন লাসারকে দেরিতে দেখতে এসেছিলেন?


৩. যীশু মৃত লাসারের জন্য কী করেছেন?

৪. মৃত লাসারকে ডাকার আগে যীশু কী করেছেন?

- শিক্ষক কয়েকজনের উত্তর শুনবেন।

## সক্রিয় পরীক্ষণ

- তোমার শ্রেণিতে কোনো বন্ধু অসুস্থ হলে তার জন্য কী কী করতে পার তা নমুনা ছকে লিখো।




- শিক্ষক দলকে তাদের কাজসমূহ পোস্টারে/কাগজে লিখতে বলবেন।
- দল থেকে একজন করে উপস্থাপন করবে।
- শিক্ষক শিক্ষার্থীদের নিচের কাজটি জোড়ায় করতে দিবেন। যীশু শারীরিক, আধ্যাত্মিক নিরাময়কারী ও জীবনদাতা। এটি তারা জোড়ায় সহভাগিতা করবে এবং শিক্ষক কয়েকজনের কাছ থেকে শুনবেন।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ৬

# যীশুর কর্মজীবন

## সেশন-১২

## অর্জন উপযোগী যোগ্যতা

২.১ যীশুর কর্মজীবনের আদর্শ জেনে তা নিজ জীবনে অনুসরণ করা এবং অন্যকে অনুপ্রাণিত করতে পারা।

পাঠের শিরোনাম: **পরিত্রাতা যীশু**


## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করবেন এবং শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- রাস্তার ধারে বসে থাকা কোনো ভিক্ষুককে/অসহায় মানুষকে সাহায্য করে তার কেমন লেগেছে তা অন্য সহপাঠিদের শোনাবে।
- বাস্তব অভিজ্ঞতা থেকে শিক্ষার্থী দলে তা সহভাগিতা করবে।
- শিক্ষক প্রয়োজনে সহায়তা দিবেন।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ



অন্ধ বরতীময়

- শিক্ষক শিক্ষার্থীদের ভিডিও/ছবিটি ভালোভাবে পর্যবেক্ষণ করে বলবেন।
- শিক্ষার্থীরা ভিডিও/ছবিটির বিষয়ে জোড়ায় সহভাগিতা করবে।
- জোড়া থেকে একজন করে উপস্থাপন করবে।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যপুস্তক থেকে পরিত্রাতা যীশু পাঠটি মনোযোগ দিয়ে পড়তে বলবেন।
- যীশু অন্ধলোকটির জন্য কী কী করেছেন তা নমুনা ছকে লিখবে।




- কাজটি পোস্টারে/কাগজে উপস্থাপন করবে।

**একক কাজ**

প্রশ্ন: বাম দিকের তথ্যের সঙ্গে ডান দিকের তথ্যের মিল করো।

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| i) যীশু ও তাঁর সঙ্গীরা | i) শহরে এসেছেন। |
| ii) পথের ধারে বসে আছে | ii) "দাউদ-সন্তান যীশু, আমাকে দয়া করুন।" |
| iii) নাসারেথের যীশু | iii) তীময়ের ছেলে অন্ধ বরতীময়। |
| iv) অন্ধ বরতীময় বললো, | iv) চুপ কর। |
| v) লোকেরা বরতীময়কে ধমক দিয়ে বললেন, | v) জেরিখো/ যিরীহো নগরে এলেন। |

## সক্রিয় পরীক্ষণ

**একক কাজ**

- তোমার জানা মতে যীশুর কাছে সাহায্য চেয়ে প্রার্থনা করে সুস্থতা লাভ করেছে সেরকম একটি ঘটনা বলবে এবং বিশ্বাস নিয়ে নিরাময়ের জন্য প্রার্থনা করবে।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

শিখন যোগ্যতা মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা Performance Indicator (PI)

| শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | PI ক্রমিক নম্বর | পারদর্শিতার নির্দেশক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | ভালো | খুব ভালো | উত্তম |
| ২.১.যীশুর কর্ম জীবনের আদর্শ জেনে তা নিজ জীবনে অনুসরণ করা এবং অন্যকে অনুপ্রাণিত করতে পারা। | **PI-3** | **০৮.০৩.০১.০৩**<br>যীশুর প্রচার কাজ সম্পর্কে জেনে অন্যকে অনুপ্রাণিত করতে পারছে। | যীশুর শিক্ষা নিরাময়কারী ও জীবনদায়ী শক্তির কথা জেনে বলতে পেরেছে। | যীশুর আদর্শ জেনে ও বিশ্বাস করে সহপাঠীদের সাথে সহভাগিতা করতে পেরেছে। | যীশুর আদর্শ ও শিক্ষা নিজ জীবনে অনুসরণ ও বাস্তব জীবনে তা প্রয়োগ করে অন্যদের অনুপ্রাণিত করতে পেরেছে। |



# অধ্যায় ৩

তৃতীয় অধ্যায়

পাঠ: ১

# পরোপকার ও শ্রদ্ধাবোধ

## সেশন-১৩

## অর্জন উপযোগী যোগ্যতা

৩.১ পরোপকার সম্পর্কে জেনে নিজে পরোপকারী হতে ও অন্যকে পরোপকারী হতে উদ্বুদ্ধ করতে পারা।

পাঠের শিরোনাম: **পরোপকার কী?**


## শিখন শেখানো কার্যাবলি

শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশ করে শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করে শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষক শিক্ষার্থীদের নিজ অভিজ্ঞতা থেকে কীভাবে অন্যদের উপকার করেছে তা বলতে বলবেন।
- শিক্ষার্থীরা কয়েকজন তাদের অভিজ্ঞতার কথা সহভাগিতা করবে।
- শিক্ষক শিক্ষার্থীদের দলে ভাগ করে দিবেন। শিক্ষার্থীরা দলে আলোচনা করে পরোপকার সম্পর্কে জানবে ও উপস্থাপন করবে। শিক্ষক ভালোভাবে তা পর্যবেক্ষণ করবেন।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ



দয়ালু শমরীয়

- শিক্ষক শিক্ষার্থীদের বইয়ে প্রদত্ত পাঠের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন।
- ছবিটি দেখে শিক্ষার্থীরা পরোপকার সম্পর্কে তাদের পূর্ব অভিজ্ঞতা মেলাবে।
- শিক্ষার্থীরা পাশাপাশি পরোপকার বিষয়ে আলোচনার পর তাদের পর্যবেক্ষণ থেকে পরোপকার সম্পর্কে একটা পরিষ্কার ধারণা পাবে।
- এই ধারণা থেকে পরোপকারের অর্থ কী এবং কীভাবে পরোপকার করা যায় তা শিক্ষার্থীরা বলবে।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যবই খুলে পরোপকার কী সে সম্পর্কে পাঠ্যবইয়ের অংশ পড়তে বলবেন। নিজেদের আলোচনার সঙ্গে তা মিলিয়ে নিতে বলবেন।

- তারা কখন এবং কীভাবে অন্যের উপকার করেছে তা বলতে বলবেন। কয়েকজনের উত্তর শোনার জন্য কিছুক্ষণ সময় নিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদেরকে পরোপকার সম্পর্কে যীশুর শিক্ষা থেকে কী জানলো তা বলতে বলবেন। প্রয়োজনে শিক্ষার্থীদের পরোকারের বিষয়গুলো সঠিকভাবে লিখতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পরোপকারের গুরুত্ব সম্পর্কে ৩/২জনকে বলতে বলবেন। প্রয়োজনে শিক্ষক কখন কীভাবে মানুষের উপকার করতে হয় তা বুঝিয়ে বলবেন।

## সক্রিয় পরীক্ষণ

- শিক্ষক ৪/৫ জনের একটি করে দল গঠন করে দিবেন এবং পাঠ্য বইয়ের সহায়তায় পরোপকারের উপায়গুলো খুঁজে "দয়ালু শমরীয়"- এর গল্পটি অভিনয় করার জন্য সময় দিবেন।
- শিক্ষার্থীরা দলে "দয়ালু শমরীয়"- এর গল্পটি অভিনয় করে প্রত্যেক দলকে উপস্থাপন করতে বলবেন।
- শিক্ষার্থীরা ভালোভাবে তা পর্যবেক্ষণ করবে।
- শিক্ষার্থীরা অভিনয় থেকে শিখনকে কাজে লাগিয়ে ৪/৫জন তার বাস্তব জীবনে প্রতিদিন করে থাকে এমন একটি পরোপকারের তালিকা তৈরি করতে বলবেন।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ২

# পরোপকার ও শ্রদ্ধাবোধ

## সেশন-১৪

## অর্জন উপযোগী যোগ্যতা

৩.১ পরোপকার সম্পর্কে জেনে নিজে পরোপকারী হতে ও অন্যকে পরোপকারী হতে উদ্বুদ্ধ করতে পারা।

পাঠ শিরোনাম: **পরোপকার হলো সেবামূলক কাজ**

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশ করে শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করে শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষক শিক্ষার্থীদের নিজ অভিজ্ঞতা থেকে কীভাবে অন্যদের জন্য সেবামূলক কাজ করেছে তা বলতে বলবেন।
- ৪/৫জন শিক্ষার্থী তাদের অভিজ্ঞতার কথা সহভাগিতা করবে।
- শিক্ষক দলে ভাগ করে দিবেন। শিক্ষার্থীরা দলে আলোচনা করে সেবামূলক কাজ সম্পর্কে জানবে ও উপস্থাপন করবে। শিক্ষক ভালোভাবে তা পর্যবেক্ষণ করবেন।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ



ক্ষুধার্ত শিশুকে খাবার দেয়া




তৃষ্ণার্ত শিশুকে পানি পান করানো

- শিক্ষক শিক্ষার্থীদের বইয়ে প্রদত্ত পাঠের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন।
- প্রদত্ত সেবামূলক কাজের ছবি দেখে শিক্ষার্থীরা সেবামূলক কাজ সম্পর্কে তাদের পূর্ব অভিজ্ঞতা মেলাবে।
- শিক্ষার্থীরা সেবামূলক কাজের বিষয়ে পাশাপাশি আলোচনার পর তাদের পর্যবেক্ষণ থেকে একটা পরিষ্কার ধারণা পাবে।
- প্রাপ্ত ধারণা থেকে সেবামূলক কাজ কী এবং কখন, কীভাবে অন্যের সেবা করতে হয় তা শিক্ষার্থীদের বলতে দিবেন।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যবই খুলে, 'পরোপকার হলো সেবামূলক কাজ' বিষয়ক পাঠ্য বইয়ের অংশ পড়তে বলবেন।
- তারা কখন এবং কীভাবে সেবামূলক কাজ করতে পারে তা বলতে বলবেন। কয়েকজনের উত্তর শোনার জন্য কিছুক্ষণ সময় নিবেন।
- এরপর যীশুর শিক্ষা থেকে শিক্ষার্থীরা কী জানল তা বলতে বলবেন। প্রয়োজনে শিক্ষার্থীদের সেবামূলক কাজের বিষয়গুলো সঠিকভাবে লিখতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের সেবামূলক কাজের গুরুত্ব সম্পর্কে ২/৩ জনকে বলতে বলবেন। প্রয়োজনে কখন কীভাবে সেবামূলক কাজ করতে হয় তা বুঝিয়ে বলবেন।

## সক্রিয় পরীক্ষণ




- শিক্ষক ৪/৫ জনের একটি করে দল গঠন করে দিবেন এবং পাঠ্য বইয়ের সহায়তায় "সেবামূলক কাজের উপায়গুলো খুঁজে গ্রামে/মহল্লায় অনাথ/পথশিশুদের জন্য কী কী সেবামূলক কাজ করতে পারে তা চক্রাকার বৃত্তে খাতায় লিখে উপস্থাপন করতে বলবেন।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ৩

# পরোপকার ও শ্রদ্ধাবোধ

## সেশন-১৫

## অর্জন উপযোগী যোগ্যতা

৩.১ পরোপকার সম্পর্কে জেনে নিজে পরোপকারী হতে ও অন্যকে পরোপকারী হতে উদ্বুদ্ধ করতে পারা।

পাঠের শিরোনাম: **পরোপকারী হওয়া।**

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশ করে শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করবেন এবং শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতাঃ

- শিক্ষক শিক্ষার্থীদের নিজ অভিজ্ঞতা থেকে কীভাবে অন্যদের উপকার করেছে তা বলতে বলবেন।
- ৪/৫ জন শিক্ষার্থী তাদের অভিজ্ঞতার কথা সহভাগিতা করবে।
- শিক্ষক দলে ভাগ করে দিবেন। শিক্ষার্থীরা দলে পরোপকারী হওয়া সম্পর্কে আলোচনা করে সে সম্পর্কে উপস্থাপন করবে। শিক্ষক ভালোভাবে তা পর্যবেক্ষণ করবেন।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ



শীতের কাপড় বিতরণ

- শিক্ষক শিক্ষার্থীদের বইয়ে সংশ্লিষ্ট পাঠের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন।
- পরোপকারের ছবি দেখে শিক্ষার্থীরা পরোপকারী হওয়া সম্পর্কে তাদের পূর্ব অভিজ্ঞতা মেলাবে।
- শিক্ষার্থীরা পাশাপাশি পরোপকারী হওয়ার বিষয়ে আলোচনার পর তাদের পর্যবেক্ষণ থেকে পরোপকারী হওয়া সম্পর্কে একটা পরিষ্কার ধারণা পাবে।
- এই ধারণা থেকে পরোপকারী হওয়ার অর্থ কী এবং কীভাবে পরোপকার করতে হয় তা শিক্ষার্থীরা বলবে।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের বই খুলে পরোপকারী হওয়া মানে কী সে সম্পর্কে পাঠ্য বইয়ের অংশ পড়তে বলবেন।

- তারা কখন এবং কীভাবে অন্যের উপকার করে তা বলতে বলবেন। কয়েকজনের উত্তর শোনার জন্য কিছুক্ষণ সময় নিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদেরকে পরোপকারী হওয়া সম্পর্কে যীশুর শিক্ষা থেকে কী জানল তা বলতে বলবেন। প্রয়োজনে শিক্ষার্থীদের পরোপকারী হওয়ার বিষয়গুলো সঠিকভাবে লিখতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পরোপকারী হওয়ার গুরুত্ব সম্পর্কে ২/৩ জনকে বলতে বলবেন। প্রয়োজনে কখন কীভাবে পরোপকার করতে হয় তা বুঝিয়ে বলবেন।

## সক্রিয় পরীক্ষণ

- শিক্ষক শিক্ষার্থীদের দলে কাজ দিবেন এবং পাঠ্য বইয়ের সহায়তায় মানুষকে কী কী উপকার/সেবা করলে ঈশ্বরের আশীর্বাদ লাভ করা যায় তা আলোচনা করে একটি ভূমিকাভিনয় করতে দিবেন।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ৪

# পরোপকার ও শ্রদ্ধাবোধ

## সেশন-১৬

## অর্জন উপযোগী যোগ্যতা

৩.১ পরোপকার সম্পর্কে জেনে নিজে পরোপকারী হতে ও অন্যকে পরোপকারী হতে উদ্বুদ্ধ করতে পারা।

পাঠের শিরোনাম: **পরোপকারী হতে উৎসাহিত করা।**

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশ করে শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করবেন এবং শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষার্থীরা কীভাবে অন্যদেরকে সমাজ জীবনে পরোপকারী হতে উৎসাহিত করতে পারে শিক্ষক তা বলতে বলবেন।
- শিক্ষার্থীরা ২/৩ জন তাদের অভিজ্ঞতার কথা সহভাগিতা করবে।
- শিক্ষার্থীদের দলে ভাগ করে দিবেন। শিক্ষার্থীরা পরোপকারী হতে উৎসাহিত করা সম্পর্কে দলে আলোচনা করে বলবে ও উপস্থাপন করবে এবং শিক্ষক ভালোভাবে তা পর্যবেক্ষণ করবেন।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ



পারস্পরিক সহযোগিতা


- শিক্ষক শিক্ষার্থীদের বই সংশ্লিষ্ট পাঠের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন।
- ছবিটি দেখে শিক্ষার্থীরা পরোপকারী হতে উৎসাহিত করা সম্পর্কে তাদের পূর্ব অভিজ্ঞতা মেলাবে।
- শিক্ষার্থীদের পাশাপাশি পরোপকারে উৎসাহিত করার বিষয়ে আলোচনার পর তাদের পর্যবেক্ষণ থেকে সে সম্পর্কে একটা পরিষ্কার ধারণা পাবে।
- এই ধারণা থেকে পরোপকারে উৎসাহিত করার অর্থ কী এবং কীভাবে পরোপকার করে অন্যকে উৎসাহিত করা যায় তা শিক্ষার্থীরা বলবে।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের বই খুলে পরোপকারী হতে উৎসাহিত করা মানে কী, সে সম্পর্কে পাঠ্য বইয়ের অংশ পড়তে বলবেন।

- তারা কখন এবং কীভাবে অন্যকে পরোপকারী হতে উৎসাহিত করেছে তা বলতে বলবেন। কয়েকজনের উত্তর শোনার জন্য কিছুক্ষণ সময় নিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদেরকে পরোপকারী হতে উৎসাহিত করা সম্পর্কে যীশুর শিক্ষা থেকে কী জানল তা বলতে বলবেন। প্রয়োজনে শিক্ষার্থীদের পরোপকারী হতে উৎসাহিত করার বিষয়গুলো সঠিকভাবে লিখতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পরোপকারী হতে উৎসাহিত করার গুরুত্ব সম্পর্কে ২/৩ জনকে বলতে বলবেন। প্রয়োজনে কখন কীভাবে পরোপকার করতে হয় তা বুঝিয়ে বলবেন।

## সক্রিয় পরীক্ষণ




- শিক্ষক ৪/৫ জনের একটি করে দল গঠন করে দিবেন এবং পাঠ্য বইয়ের সহায়তায় পরোপকারীর গুণাবলি খুঁজে একটি তালিকা প্রস্তুত করে উপস্থাপন করতে বলবেন।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ৫

# পরোপকার ও শ্রদ্ধাবোধ

## সেশন-১৭

## অর্জন উপযোগী যোগ্যতা

৩.১ পরোপকার সম্পর্কে জেনে নিজে পরোপকারী হতে ও অন্যকে পরোপকারী হতে উদ্বুদ্ধ করতে পারা।

পাঠের শিরোনাম: **পরোপকারে আনন্দ**

## শিখন শেখানো কার্যাবলি

শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশ করে শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করে শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষক শিক্ষার্থীদের নিজ অভিজ্ঞতা থেকে কীভাবে সমাজ জীবনে অন্যের উপকার করে আনন্দ পাওয়া যায় তা বলতে বলবেন।
- শিক্ষার্থীরা ২/৩ জন তাদের অভিজ্ঞতার কথা সহভাগিতা করবে।
- শিক্ষার্থীদের দলে ভাগ করে দিবেন। শিক্ষার্থীরা দলে আলোচনা করে পরোপকারের আনন্দ সম্পর্কে জানবে ও উপস্থাপন করবে এবং শিক্ষক ভালোভাবে তা পর্যবেক্ষণ করবেন।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ



ভিন্নভাবে সক্ষম একজন শিশুর সাথে খেলা করা



বৃদ্ধ দাদুকে হাঁটতে সাহায্য করা

- শিক্ষক শিক্ষার্থীদের বইয়ে প্রদত্ত পাঠের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন।
- ছবিটি দেখে শিক্ষার্থীরা পরোপকারে আনন্দ সম্পর্কে তাদের পূর্ব অভিজ্ঞতা মেলাবেন।
- শিক্ষার্থীদের পাশাপাশি পরোপকারের করে আনন্দ পাওয়ার বিষয়ে আলোচনার পর তাদের পর্যবেক্ষণ থেকে সে সম্পর্কে একটা পরিষ্কার ধারণা পাবে।
- এই ধারণা থেকে পরোপকারে আনন্দ করা অর্থ কী এবং কীভাবে পরোপকার করে আনন্দ লাভ করা যায় তা শিক্ষার্থীরা বলবে।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের পরোপকারে আনন্দ করা মানে কী, সে সম্পর্কে পাঠ্য বইয়ের অংশ পড়তে বলবেন।
- তারা কখন এবং কীভাবে অন্যকে পরোপকার করে আনন্দ পেয়েছে তা বলতে বলবেন। কয়েকজনের উত্তর শোনার জন্য কিছুক্ষণ সময় নিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদেরকে পরোপকারে আনন্দ পাওয়া সম্পর্কে যীশুর শিক্ষা থেকে কী জানল তা বলতে বলবেন। প্রয়োজনে শিক্ষার্থীরা কোন কোন ক্ষেত্রে অন্যের উপকার করে আনন্দ পেয়েছে তা লিখতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পরোপকারে আনন্দের গুরুত্ব সম্পর্কে ২/৩ জনকে বলতে বলবেন। প্রয়োজনে কখন কীভাবে মানুষের উপকার করে আনন্দ পাওয়া যায় তা বুঝিয়ে বলবেন।

## সক্রিয় পরীক্ষণ

- শিক্ষক ৪/৫ জনের একটি করে দল গঠন করে দিবেন।
- মানুষের জন্য দৈনন্দিন জীবনে কী কী উপকার করে আনন্দ পাওয়া যায় তা শিক্ষার্থীরা মুকাভিনয় করে দেখাবে।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ৬

# পরোপকার ও শ্রদ্ধাবোধ

## সেশন-১৮

## অর্জন উপযোগী যোগ্যতা

৩.১ পরোপকার সম্পর্কে জেনে নিজে পরোপকারী হতে ও অন্যকে পরোপকারী হতে উদ্বুদ্ধ করতে পারা।

পিরিয়ড সংখ্যা: ২

## পাঠ বিভাজন

পিরিয়ড-১: পরোপকারের প্রয়োজনীয়তা

পিরিয়ড-২: শ্রদ্ধাবোধ

## পিরিয়ড: ১

পাঠের শিরোনাম: **পরোপকারের প্রয়োজনীয়তা**

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশ করে শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করবেন এবং শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষক শিক্ষার্থীদের নিজ অভিজ্ঞতা থেকে কীভাবে সমাজ জীবনে অন্যের উপকার করে অন্যের প্রয়োজন মেটানো যায় তা বলতে বলবেন।
- শিক্ষার্থীরা ২/৩ জন তাদের অভিজ্ঞতার কথা সহভাগিতা করবে।
- শিক্ষার্থীদের দলে ভাগ করে দিবেন। শিক্ষার্থীরা দলে আলোচনা করে পরোপকারের প্রয়োজনীয়তা সম্পর্কে জানবে ও উপস্থাপন করবে এবং শিক্ষক ভালোভাবে তা পর্যবেক্ষণ করবেন।



## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ

- শিক্ষক শিক্ষার্থীদের বইয়ে প্রদত্ত পাঠের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন।
- ছবিটি দেখে শিক্ষার্থীরা পরোপকারের প্রয়োজনীয়তা সম্পর্কে তাদের পূর্ব অভিজ্ঞতা মেলাবেন।
- শিক্ষার্থীদের পাশাপাশি পরোপকারের প্রয়োজনীয়তা বিষয়ে আলোচনার পর তাদের পর্যবেক্ষণ থেকে সে সম্পর্কে একটা পরিষ্কার ধারণা পাবে।
- এই ধারণা থেকে পরোপকারের প্রয়োজনীয়তার অর্থ কী এবং কীভাবে অন্যের প্রয়োজন মেটানো যায় তা শিক্ষার্থীরা বলবে।


## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের বই খুলে পরোপকারের প্রয়োজনীয়তা সম্পর্কে পাঠ্য বইয়ের অংশ পড়তে বলবেন।
- তারা কখন এবং কীভাবে অন্যকে পরোপকার করে অন্যের প্রয়োজন মেটাতে পেরেছে তা বলতে বলবেন। কয়েকজনের উত্তর শোনার জন্য কিছুক্ষণ সময় নিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদেরকে পরোপকারের প্রয়োজনীয়তা সম্পর্কে যীশুর শিক্ষা থেকে কী জানল তা বলতে বলবেন। প্রয়োজনে শিক্ষার্থীরা কোন কোন ক্ষেত্রে অন্যের উপকার করে তাদের প্রয়োজন মিটিয়েছে তা লিখতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পরোপকারের প্রয়োজনীয়তার গুরুত্ব সম্পর্কে ২/৩ জনকে বলতে বলবেন। প্রয়োজনে কখন কীভাবে মানুষের উপকার করে অন্যের প্রয়োজন মেটানো যায় তা বুঝিয়ে বলবেন।

## সক্রিয় পরীক্ষণ

- শিক্ষক ৪/৫ জনের একটি করে দল গঠন করে দিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের সহায়তায় সেবামূলক কাজগুলো খুঁজে বের করতে বলবেন।
- শিক্ষার্থীরা পরিবারের/বন্ধুদের জন্য কী কী সেবামূলক কাজ করতে পারে তা দলে আলোচনা করে খাতায় চক্রাকার বৃত্তে লিখে উপস্থাপন করবে।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।



পাঠ: ৭

# পরোপকার ও শ্রদ্ধাবোধ

## পিরিয়ড: ২

## অর্জন উপযোগী যোগ্যতা

৩.১ পরোপকার সম্পর্কে জেনে নিজে পরোপকারী হতে ও অন্যকে পরোপকারী হতে উদ্বুদ্ধ করতে পারা।

পাঠের শিরোনাম: **শ্রদ্ধাবোধ**


## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশ করে শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করবেন এবং শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষার্থীদের নিজ অভিজ্ঞতা থেকে শ্রদ্ধাবোধ কী, শিক্ষক তা বলতে বলবেন।
- শিক্ষার্থীরা ২/৩ জন তাদের অভিজ্ঞতার কথা সহভাগিতা করবে।
- শিক্ষার্থীদের দলে ভাগ করে দিবেন। শিক্ষার্থীরা দলে আলোচনা করে শ্রদ্ধাবোধ সম্পর্কে জানবে ও উপস্থাপন করবে এবং শিক্ষক ভালোভাবে তা পর্যবেক্ষণ করবেন।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ



শ্রদ্ধাজ্ঞাপন

- শিক্ষক শিক্ষার্থীদের বইয়ে প্রদত্ত সংশ্লিষ্ট পাঠের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন।
- ছবিটি দেখে শিক্ষার্থীরা শ্রদ্ধাবোধ সম্পর্কে তাদের পূর্ব অভিজ্ঞতা মেলাবেন।
- শ্রদ্ধাবোধ বিষয়ে শিক্ষার্থীদের পাশাপাশি আলোচনার পর তাদের পর্যবেক্ষণ থেকে সে সম্পর্কে একটা পরিষ্কার ধারণা পাবে।
- এই ধারণা থেকে শ্রদ্ধাবোধ অর্থ কী এবং কীভাবে অন্যকে শ্রদ্ধা করতে হয় তা শিক্ষার্থীরা বলবে।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের বই খুলে শ্রদ্ধাবোধ সম্পর্কে পাঠ্য বইয়ের অংশ পড়তে বলবেন।
- তারা কখন এবং কীভাবে পরের উপকার করে তাদের প্রতি শ্রদ্ধা দেখাতে পেরেছে তা বলতে বলবেন। কয়েকজনের উত্তর শোনার জন্য কিছুক্ষণ সময় নিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদেরকে শ্রদ্ধাবোধ সম্পর্কে যীশুর শিক্ষা থেকে কী জানল তা বলতে বলবেন। প্রয়োজনে শিক্ষার্থীরা কোন কোন ক্ষেত্রে অন্যের উপকার করে শ্রদ্ধা দেখাতে পেরেছে তা লিখতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের শ্রদ্ধাবোধের গুরুত্ব সম্পর্কে ২/৩ জনকে বলতে বলবেন। প্রয়োজনে কখন, কীভাবে মানুষের উপকার করে তাদের প্রয়োজন মেটানো এবং কিভাবে বড়োদের শ্রদ্ধা করতে হয় তা বলবেন।

## সক্রিয় পরীক্ষণ

- শিক্ষক ৪/৫ জনের একটি করে দল গঠন করে দিবেন এবং পাঠ্য বইয়ের সহায়তায় শ্রদ্ধাবোধের বিষয়গুলো খুঁজে একটি তালিকা প্রস্তুত করে উপস্থাপন করতে বলবেন।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ৮

# পরোপকার ও শ্রদ্ধাবোধ

## সেশন ১৯

## অর্জন উপযোগী যোগ্যতা

৩.১ পরোপকার সম্পর্কে জেনে নিজে পরোপকারী হতে ও অন্যকে পরোপকারী হতে উদ্বুদ্ধ করতে পারা।

পাঠের শিরোনাম: **পারিবারিক শ্রদ্ধাবোধ**

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশ করে শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করবেন এবং শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষক শিক্ষার্থীদের নিজ অভিজ্ঞতা থেকে পারিবারিক শ্রদ্ধাবোধ কী তা বলতে বলবেন।
- শিক্ষার্থীরা ২/৩ জন তাদের অভিজ্ঞতার কথা সহভাগিতা করবে।
- শিক্ষার্থীদের দলে ভাগ করে দিবেন। শিক্ষার্থীরা দলে আলোচনা করে পারিবারিক শ্রদ্ধাবোধ সম্পর্কে জানবে ও উপস্থাপন করবে। শিক্ষক ভালোভাবে তা পর্যবেক্ষণ করবেন।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ



পবিত্র পরিবার

- শিক্ষক শিক্ষার্থীদের বইয়ে প্রদত্ত পাঠের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন।
- ছবিটি দেখে শিক্ষার্থীরা পারিবারিক শ্রদ্ধাবোধ সম্পর্কে তাদের পূর্ব অভিজ্ঞতা মেলাবেন।
- শিক্ষার্থীদের পাশাপাশি পারিবারিক শ্রদ্ধাবোধ বিষয়ে আলোচনার পর তাদের পর্যবেক্ষণ থেকে সে সম্পর্কে একটা পরিষ্কার ধারণা পাবে।
- এই ধারণা থেকে পারিবারিক শ্রদ্ধাবোধ অর্থ কী এবং কীভাবে পরিবারে অন্যকে শ্রদ্ধা করতে হয় তা শিক্ষার্থীরা বলবে।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের বই খুলে পারিবারিক শ্রদ্ধাবোধ সম্পর্কে পাঠ্যবইয়ের অংশ পড়তে বলবেন।
- তারা কখন এবং কীভাবে পরিবারে একে অন্যের প্রতি শ্রদ্ধা দেখাতে পেরেছে, তা বলতে বলবেন। কয়েকজনের উত্তর শোনার জন্য কিছুক্ষণ সময় নিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদেরকে পারিবারিক শ্রদ্ধাবোধ সম্পর্কে যীশুর শিক্ষা থেকে কী জানল তা বলতে বলবেন। প্রয়োজনে শিক্ষার্থীরা কোন কোন ক্ষেত্রে পরিবারে একে অন্যের প্রতি শ্রদ্ধা দেখাতে পেরেছে, তা লিখতে বলবেন।

  শিক্ষক শিক্ষার্থীদের পারিবারিক শ্রদ্ধাবোধের গুরুত্ব সম্পর্কে ২/৩ জনকে বলতে বলবেন। প্রয়োজনে কখন কীভাবে পরিবারে একে অন্যের প্রয়োজন মিটিয়ে শ্রদ্ধা করা যায় তা বুঝিয়ে বলবেন।

## সক্রিয় পরীক্ষণ

- শিক্ষক ৪/৫ জনের একটি করে দল গঠন করে দিবেন এবং পাঠ্য বইয়ের সহায়তায় পারিবারিক শ্রদ্ধাবোধের বিষয়গুলো খুঁজে “বেথলেহেমের গোশালায় যীশুর জন্ম”কাহিনীটি অভিনয় করে প্রত্যেক দলকে উপস্থাপন করতে বলবেন।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ৯

# পরোপকার ও শ্রদ্ধাবোধ

## সেশন-২০

## অর্জন উপযোগী যোগ্যতা

১.১ পরোপকার সম্পর্কে জেনে নিজে পরোপকারী হতে ও অন্যকে পরোপকারী হতে উদ্বুদ্ধ করতে পারবে।

পাঠের শিরোনাম: **ভ্রাতৃত্বপূর্ণ জীবন যাপনে শ্রদ্ধাবোধ**

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শ্রেণিতে প্রবেশ করে শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় ও শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষক সকল শিক্ষার্থীকে দলীয়ভাবে তাদের বাস্তব জীবনে কাউকে ক্ষমা করা বা পরোপকার করার ঘটনা শেয়ার করতে বলবেন।
- শিক্ষার্থীরা তাদের নিজ জীবনে ঘটে যাওয়া ঘটনা থেকে বাস্তব অভিজ্ঞতা সহভাগিতা করবে।
- শিক্ষক সবার সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করবেন।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ





- যোসেফকে তার ভাইয়েরা বিদেশী বণিকের কাছে বিক্রি করার একটি ভিডিও ক্লিপ বা ছবি দেখাবেন।

- শিক্ষার্থীদের ভালোমত পর্যবেক্ষণ করতে উৎসাহিত করবেন।
- ভিডিওটি/ছবি সম্পর্কে কিছু সময় চিন্তা করতে বলবেন।
- শিক্ষার্থীদের কাছ থেকে তাদের অনুভূতি শুনবেন।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের বই খুলে, 'ভ্রাতৃত্বপূর্ণ জীবন যাপনে শ্রদ্ধাবোধ' এই পাঠটি ভালোভাবে পড়তে বলবেন।

শিক্ষক প্রশ্ন করবেন এবং শিক্ষার্থীরা উত্তর দিবে-

১. যাকোবের কয়টি ছেলে ছিল?
২. ভাইয়েরা যোসেফকে কেন বিক্রি করে দিলো?
৩. বণিকেরা যোসেফকে কোন দেশে নিয়ে গেল?
৪. যোসেফ মিশরে কী কাজ করতেন?
৫. যোসেফের দেখা স্বপ্ন দুটির অর্থ কী ছিল?
৬. যোসেফ তার ভাইদের ক্ষমা করলেন কেন?

- উত্তর পাবার জন্য একটু সময় অপেক্ষা করবেন। শিক্ষক কয়েকজন শিক্ষার্থীর উত্তর শুনবেন। প্রয়োজনে সহায়তা দিবেন।

### জোড়ায় কাজ

দৈনন্দিন জীবনের ক্ষুদ্র ক্ষুদ্র কাজের মধ্য দিয়ে কীভাবে পরোপকার করা যায়, তা দলে আলোচনা করে কিছু কাজের কথা লিখবে।

## সক্রিয় পরীক্ষণ

- শিক্ষক শিক্ষার্থীদের দলে ভাগ করে দিবেন এবং পাঠ্য বইয়ের সহায়তায় নিম্নলিখিত বিষয় অভিনয় করতে বলবেন।
- ক্ষমা করার দৃশ্য।
- পরোপকার করছে এমন দৃশ্য।
- শিক্ষার্থীরা মনোযোগ সহকারে দেখবে।
- শিক্ষক শিক্ষার্থীদের অভিনয় থেকে শিখনকে কাজে লাগিয়ে তার বাস্তব জীবনে প্রতিদিন করে এমন একটি তালিকা তৈরি করতে বলবেন।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ১০

# পরোপকার ও শ্রদ্ধাবোধ

## সেশন-২১

## অর্জন উপযোগী যোগ্যতা

২.১ পরোপকার সম্পর্কে জেনে নিজে পরোপকারী হতে ও অন্যকে পরোপকারী হতে উদ্বুদ্ধ করতে পারা।

পাঠের শিরোনাম: **বিদ্যালয়ে সকলের প্রতি শ্রদ্ধাশীলতা**

## শিখন-শেখানো কাযাবলি

শিক্ষক শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করে নিরাপদ শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষার্থীরা সকলের প্রতি কীভাবে শ্রদ্ধা, ভক্তি ও ভালোবাসা প্রকাশ করে তা বলবে।
- শিক্ষার্থীরা তাদের পরিবারের শ্রদ্ধা প্রকাশের অভিজ্ঞতাগুলো জোড়ায় আলোচনা করে পরস্পরের সঙ্গে সহভাগিতা করবে।
- প্রত্যেক শিক্ষার্থী সক্রিয় অংশগ্রহণ করবে এবং শিক্ষক তা ভালোভাবে পর্যবেক্ষণ করবেন।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ



- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন।
- শিক্ষার্থীরা কীভাবে পরস্পর পরস্পরকে সাহায্য করতে পারে তা ছবি দেখে বিদ্যালয়ে একে অপরের সঙ্গে কীভাবে শ্রদ্ধাশীল হওয়া যায়, সে সম্পর্কে একটা পরিষ্কার ধারণা লাভ করবে।
- এই ধারণা থেকে বিদ্যালয়ে সকলের প্রতি কীভাবে শ্রদ্ধাশীল হওয়া যায় তা শিক্ষার্থীরা বলবে।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের বিদ্যালয়ে সকলের প্রতি শ্রদ্ধাশীলতা সম্পর্কে পাঠ্য বইয়ের অংশটি পড়তে বলবেন। নিজেদের আলোচনার সঙ্গে তা মিলাতে বলবেন।
- তারা বিদ্যালয়ে কখন, কীভাবে একে অপরকে ছোটো ছোটো বিভিন্ন কাজে সাহায্য করেছে তা বলতে বলবেন। কয়েকজনের উত্তর শোনার জন্য কিছুক্ষণ সময় নিবেন।
- শিক্ষার্থীরা এই পাঠের মাধ্যমে বাইবেল থেকে কী জানল তা বলতে বলবেন। প্রয়োজনে শিক্ষার্থীদের বিদ্যালয়ে সকলের প্রতি কী কী উপায়ে শ্রদ্ধাশীল হওয়া যায়, সেগুলো সঠিকভাবে লিখতে বলবেন।

- শিক্ষক শিক্ষার্থীদের বিদ্যালয়ে সকলের প্রতি শ্রদ্ধাশীলতার গুরুত্ব সম্পর্কে ২/৩ জনকে বলতে বলবেন। প্রয়োজনে শিক্ষক কীভাবে বিদ্যালয়ে সকলের প্রতি শ্রদ্ধাশীল হওয়া যায় তা বুঝিয়ে বলবেন।

## সক্রিয় পরীক্ষণ

- শিক্ষক ৪/৫ জনের দল গঠন করে দিবেন এবং পাঠ্য বইয়ের সহায়তায় বিদ্যালয়ে সকলের প্রতি শ্রদ্ধাশীলতার বিভিন্ন উপায় খুঁজে নিম্নলিখিত গুণগুলো লিখে দলে উপস্থাপন করতে বলবেন।
- শিক্ষার্থীরা তা ভালোভাবে পর্যবেক্ষণ করবে।
- শিক্ষার্থীরা পাঠ্য বইয়ের শিখনকে কাজে লাগিয়ে তার বাস্তব জীবনে প্রতিদিন করে থাকে এমন বিষয়গুলোর একটি তালিকা নিজ নিজ খাতায় লিখে উপস্থাপন করবে।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ১১

# পরোপকার ও শ্রদ্ধাবোধ

## সেশন-২২

## অর্জন উপযোগী যোগ্যতা

৩.১ পরোপকার সম্পর্কে জেনে নিজে পরোপকারী হতে ও অন্যকে পরোপকারী হতে উদ্বুদ্ধ করতে পারা।

পাঠের শিরোনাম: **সর্বজনীন শ্রদ্ধাবোধ।**

## শিখন শেখানো কার্যাবলি

- শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশ করে শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করে শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষক শিক্ষার্থীদের নিজ অভিজ্ঞতা থেকে সর্বজনীন শ্রদ্ধাবোধ কী তা বলতে বলবেন।
- শিক্ষার্থীরা ২/৩ জন তাদের অভিজ্ঞতার কথা সহভাগিতা করবে।
- শিক্ষার্থীদের দলে ভাগ করে দিবেন। শিক্ষার্থীরা দলে আলোচনা করে সর্বজনীন শ্রদ্ধাবোধ সম্পর্কে জানবে ও উপস্থাপন করবে। শিক্ষক ভালোভাবে তা পর্যবেক্ষণ করবেন।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ

- শিক্ষার্থীরা 'সর্বজনীন শ্রদ্ধাবোধ' নিয়ে একটি ভূমিকাভিনয় করবে।
- এরপর শিক্ষার্থীরা সর্বজনীন শ্রদ্ধাবোধ সম্পর্কে ভূমিকাভিনয় দেখে পাশাপাশি আলোচনা করবে।
- তাদের পর্যবেক্ষণ থেকে তারা এ সম্পর্কে একটা পরিষ্কার ধারণা পাবে।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের বই খুলে সর্বজনীন শ্রদ্ধাবোধ সম্পর্কে পাঠ্য বইয়ের অংশ পড়তে বলবেন।
- তারা কখন এবং কীভাবে সমাজে একে অন্যের প্রতি শ্রদ্ধা দেখাতে পেরেছে তা বলতে বলবেন। কয়েকজনের উত্তর শোনার জন্য কিছুক্ষণ সময় নিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদেরকে সর্বজনীন শ্রদ্ধাবোধ সম্পর্কে বাইবেলের শিক্ষা থেকে কী জানল তা বলতে বলবেন। প্রয়োজনে শিক্ষার্থীরা সমাজে কোন কোন ক্ষেত্রে একে অন্যের প্রতি শ্রদ্ধা দেখাতে পেরেছে তা লিখতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের সর্বজনীন শ্রদ্ধাবোধের গুরুত্ব সম্পর্কে ২/৩ জনকে বলতে বলবেন। প্রয়োজনে সমাজে কখন কীভাবে একে অন্যের প্রয়োজন মিটিয়ে শ্রদ্ধা করা যায় তা বুঝিয়ে বলবেন।

## সক্রিয় পরীক্ষণ

- শিক্ষক ৪/৫ জনের একটি করে দল গঠন করে দিবেন এবং পাঠ্য বইয়ের সহায়তায় সর্বজনীন শ্রদ্ধাশীল হওয়ার জন্য কী কী গুণ অর্জন করা যায়, তা খুঁজে একটি তালিকা প্রস্তুত করে উপস্থাপন করতে বলবেন।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

শিখন যোগ্যতা মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা Performance Indicator (PI)

| শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | PI ক্রমিক নম্বর | পারদর্শিতার নির্দেশক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | ভালো | খুব ভালো | উত্তম |
| ৩.১ পরোপকার সম্পর্কে জেনে নিজে পরোপকারী হতে ও অন্যকে পরোপকারী হতে উদ্বুদ্ধ করতে পারা। | PI-4 | **০৮.০৩.০১.০৪** পরোপকার সম্পর্কে জেনে নিজে পরোপকারী হয়ে নিজে অনুসরণ করে অন্যকে পরোপকারী হতে উদ্বুদ্ধ করতে পারছে । | পরোপকারের উপায়সমূহ চিহ্নিত করে বলতে পেরেছে। | শ্রেণিকক্ষে, পরিবারে ও অন্যান্য নিকট পরিবেশে পরোপকারী হতে পেরেছে । | ধর্মীয় আদর্শ অনুসরণ করে যেকোনো পরিবেশে নিজে পরোপকার করে অন্যদেরকে উদ্বুদ্ধ করতে পেরেছে। |
| | PI-8 | **০৮.০৩.০১.০৮** সার্বজনীন ভাতৃত্ব সম্পর্কে জেনে অন্যকে উদ্বুদ্ধ করতে পারছে। পরোপকারী হতে উদ্বুদ্ধ করতে পারছে । | সার্বজনীন ভাতৃত্ব সম্পর্কে জেনে বলতে পেরেছে। | শ্রেণিকক্ষে, পরিবারে ও অন্যান্য নিকট পরিবেশে সার্বজনীন ভার্তৃত্ব সম্পর্ক গড়ে তুলতে পেরেছে। | যেকোনো পরিবেশে সার্বজনীন ভার্তৃত্ব সম্পর্ক অনুশীলন করতে ও অন্যদের অনুশীলনে উদ্বুদ্ধ করতে পেরেছে। |



# অধ্যায়

# ৪

চতুর্থ অধ্যায়

পাঠ: ১

# প্রার্থনা ও বিশ্বশান্তি

## সেশন-২৩

## শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা

৪.১ প্রার্থনা সম্পর্কে জানতে পারা ও খ্রীষ্টীয় মূল্যবোধসম্পন্ন জীবনযাপন করতে পারা।

পাঠের শিরোনাম: **প্রার্থনার প্রাথমিক ধারণা**


## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করে শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষক শিক্ষার্থীদেরকে প্রার্থনা করতে বলবেন।
- শিক্ষার্থীরা পূর্ব অভিজ্ঞতা কাজে লাগিয়ে প্রার্থনা করবে।
- এরপর শিক্ষার্থীরা তাদের অভিজ্ঞতা দলে আলোচনা করবে এবং সহভাগিতা করবে।
- ৩/৪টি দলের কাছ থেকে প্রার্থনার অভিজ্ঞতা শুনবেন। প্রয়োজনে শিক্ষক নিজের একটি অভিজ্ঞতা সহভাগিতা করবেন।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ




প্রার্থনারত শিশু

- পাঠ্য বইয়ের সংশ্লিষ্ট পাঠের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন এবং তাদের অভিজ্ঞতার সঙ্গে মিলেছে কি না তা পর্যবেক্ষণ করতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের দলে ভাগ করে শিক্ষার্থীরা বাসায় কখন এবং কীভাবে প্রার্থনা করে তা আলোচনা করতে বলবেন। শিক্ষক শ্রেণিকক্ষে ঘুরে তা পর্যবেক্ষণ করবেন।
- শিক্ষক প্রত্যেক দলের উত্তর শোনার জন্য কিছুক্ষণ সময় নিবেন এবং প্রয়োজনে সাহায্য করবেন।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক পাঠ্যবই পড়তে বলবেন এবং পাঠ্যবইয়ের সঙ্গে তাদের অভিজ্ঞতা মেলাতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদেরকে কী কী প্রার্থনা করে, তা ভাবতে বলবেন এবং নিচের ছকের মতো করে একটি ছক করতে দিবেন।




## সক্রিয় পরীক্ষণ

- শিক্ষক শিক্ষার্থীদের এককভাবে পাঠ্যবইয়ের ‘খ’ অংশ থেকে শিক্ষার্থীর বাস্তব জীবনের আলোকে প্রশ্ন করবেন।
  - তুমি প্রার্থনা কীভাবে কর?
  - তোমার ধর্মের মানুষেরা কীভাবে প্রার্থনা করে?
- এরপর শিক্ষার্থীদের নতুন একটি প্রার্থনা করতে দিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পারিবারিক/সামাজিক/মাণ্ডলিক প্রার্থনার নিজের মতো করে ছবি অঙ্কন করে উপস্থাপন করতে বলবেন।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ২

# প্রার্থনা ও বিশ্বশান্তি

## সেশন-২৪

## অর্জন উপযোগী যোগ্যতা

৪.১ প্রার্থনা সম্পর্কে জানতে পারা ও খ্রীষ্টীয় মূল্যবোধসম্পন্ন জীবনযাপন করতে পারা।

পাঠের শিরোনাম: **প্রার্থনা বিষয়ে যীশুর শিক্ষা ও প্রভুর প্রার্থনা**


## বাস্তব অভিজ্ঞতা

- সকল শিক্ষার্থীকে নিজ নিজ অভিজ্ঞতা থেকে প্রার্থনা করার জন্য বলবেন।
- সকল শিক্ষার্থী প্রার্থনা করবে এবং শিক্ষক সমগ্র শ্রেণিকক্ষ ঘুরে তা পর্যবেক্ষণ করবেন।
- এরপর শিক্ষক শিক্ষার্থীদেরকে দলে ভাগ করে নিজেদের প্রার্থনা বিষয়ে অলোচনা করে উপস্থাপন করবে। সবাই তা ভালোভাবে পর্যবেক্ষণ করবে।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ

- শিক্ষক শিক্ষার্থীদেরকে জোড়ায় বা দলে প্রার্থনা করানোর পর তাদের পর্যবেক্ষণ থেকে প্রার্থনা সম্পর্কে বলতে পারবে।
- এই ধারণা থেকে কীভাবে প্রার্থনা করে তা শিক্ষার্থীরা বলতে পারবে।
- শিক্ষক প্রয়োজনে দলে বা জোড়ায় কাথলিক ও প্রোটেস্ট্যান্ট বিশ্বাস অনুযায়ী প্রভুর প্রার্থনাগুলো করাবেন এবং তা তাদেরকে ভালোভাবে পর্যবেক্ষণ করতে বলবেন।

## বিমূর্ত ধারণায়ন




প্রার্থনারত যীশু

- বইয়ের সংশ্লিষ্ট পাঠের ছবিটি ভালোভাবে দেখতে বলবেন। শিক্ষক শিক্ষার্থীদের প্রার্থনার গুরুত্ব বলবেন। শিক্ষক শিক্ষার্থীদের কখন কীভাবে প্রার্থনা করতে হয় তা বুঝিয়ে দিবেন ।
- প্রার্থনা সম্পর্কে যীশুর শিক্ষা পাঠ্য বইয়ের অংশ পড়তে বলবেন। নিজের প্রার্থনার সঙ্গে তা মিলিয়ে দেখতে বলবেন। কখন এবং কীভাবে প্রার্থনা করে তা বলতে বলবেন। কয়েকজনের উত্তর শোনার জন্য কিছুক্ষণ সময় নিবেন।
- শিক্ষক শিক্ষর্থীদেরকে প্রার্থনা সম্পর্কে যীশুর শিক্ষা থেকে কী জানল তা বলতে বলবেন। প্রয়োজনে শিক্ষার্থীদের প্রভুর প্রার্থনাটি সঠিকভাবে লিখতে দিবেন।

## সক্রিয় পরীক্ষণ

- শিক্ষক শিক্ষার্থীদের দল ভাগ করে দিবেন এবং পাঠ্য বইয়ের সহায়তায় প্রভুর প্রার্থনাটির গুরুত্বপূর্ণ শব্দগুলি খুঁজে বের করে একটি তালিকা তৈরি করতে বলবেন।
- শিক্ষক বোর্ডে নিচের চক্রাকার বৃত্তটি  অঙ্কন করে কাজটি বুঝিয়ে দিবেন।
- এরপর শিক্ষক শিক্ষার্থীদেরকে নতুন একটি প্রার্থনা করতে দিবেন। শিক্ষার্থীরা প্রার্থনা করবে এবং প্রার্থনা সম্পর্কে আরও গভীর বিশ্বাস লাভ করবে।




শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ৩

# প্রার্থনা ও বিশ্বশান্তি

## সেশন- ২৫

## অর্জন উপযোগী যোগ্যতা

৪.১ প্রার্থনা সম্পর্কে জানতে পারা ও খ্রীষ্টিয় মূল্যবোধসম্পন্ন জীবনযাপন করতে পারা।

পাঠের শিরোনাম: **খ্রীষ্টীয় মূল্যবোধ।**

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষক শিক্ষার্থীদের প্রতিদিন তাদের জীবনে কী কী ভালো কাজ/অভ্যাস প্রতিপালন করে তা বলতে বলবেন।
- শিক্ষার্থীরা তাদের পরিবেশ থেকে প্রাপ্ত অভিজ্ঞতা থেকে তাদের ভালো কাজ সম্পর্কে বলবে।
- এখানে কয়েকজন শিক্ষার্থীকে কয়েকটি ভালো কাজ করে দেখাতে বলবেন।
- এরপর শিক্ষক শিক্ষার্থীদের দলে এসব ভালো কজের গুরুত্ব নিয়ে আলোচনা করে উপস্থাপন করতে বলবেন।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ

- শিক্ষক মূল্যবোধের উপর একটি ভিডিও ক্লিপ দেখাবেন এবং মাঝে মাঝে ভিডিও থেকে তাদের পর্যবেক্ষণ করে বলতে বলবেন।
- প্রয়োজনে কয়েকজন শিক্ষার্থীদের দিয়ে অভিনয় করাবেন এবং শিক্ষার্থীরা মূল্যবোধ বিষয়টি চিহ্নিত করবে।
- শিক্ষার্থীরা তা পর্যবেক্ষণ করে মূল্যবোধগুলো বলতে পারবে। তাদের প্রতিদিনের জীবনের সঙ্গে মেলাতে পারবে।
- শিক্ষক মূল্যবোধগুলো শিক্ষার্থীদের বুঝতে সহায়তা করবেন।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যবই পড়তে বলবেন এবং তাদের পূর্বের আলোচনা থেকে মূল্যবোধ বিষয়টি ভালোভাবে চিন্তা করতে বলবেন।
- শিক্ষক পাঠের আলোকে শিক্ষার্থীদের যীশুখ্রীষ্টের জীবনের মূল্যবোধ তাদের জীবনে ধারণ ও চর্চা করা কত গুরত্বপূর্ণ তা ব্যাখ্যা করবেন।
- মূল্যবোধ সম্পর্কে পবিত্র বাইবেলের শিক্ষা এবং খ্রীষ্ট বিশ্বাসীদের জীবনে তা চর্চা করার গুরুত্ব বুঝিয়ে বলবেন।
- শিক্ষক পাঠ্যবইয়ের ‘ক’ অংশের প্রশ্নগুলোর উত্তর লিখতে বলবেন।

## সক্রিয় পরীক্ষণ

- শিক্ষার্থীরা পূর্বের আলোচনা থেকে মূল্যবোধ সম্পর্কে বলবে। শিক্ষক কয়েকজনকে পূর্বের আলোচনা থেকে মূল্যবোধের নতুন কোনো অভিনয় করে দেখাতে বলবেন।
- শিক্ষার্থীরা মূল্যবোধের নতুন নতুন প্রেক্ষাপটভিত্তিক ভূমিকাভিনয় করবে।
- শিক্ষক পাঠ্যবইয়ের ‘খ’ অংশের আলোকে শিক্ষার্থীদের দৈনন্দিন জীবনে প্রতিফলিত মূল্যবোধগুলোর তালিকা তৈরি করতে বলবেন।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ৪

# প্রার্থনা ও বিশ্বশান্তি

## সেশন-২৬

## অর্জন উপযোগী যোগ্যতা

৪.১ প্রার্থনা সম্পর্কে জানতে পারা ও খ্রীষ্টীয় মূল্যবোধসম্পন্ন জীবনযাপন করতে পারা।

পাঠের শিরোনাম: **সমাজ বাস্তবতায় খ্রীষ্টীয় মূল্যবোধ**

## শিখন-শেখানো কার্যাবলি

শিক্ষক শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করে শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষার্থীরা সামাজিক বিভিন্ন অনুষ্ঠানে কী কী ঘটে, তা তাদের অভিজ্ঞতা থেকে বলবে।
- শিক্ষার্থীরা খাজনা বা কর দেওয়া, গুরুজনকে শ্রদ্ধা ও সম্মান করা, অপরাধীকে ক্ষমা করা বিষয়গুলো প্রতিদিনের জীবনে কীভাবে ঘটে তা বলবে।
- এরপর শিক্ষার্থীরা দলে খাজনা বা কর দেওয়া, গুরুজনকে শ্রদ্ধা ও সম্মান করা, অপরাধীকে ক্ষমা করা বিষয়গুলো নিয়ে আলোচনা করে উপস্থাপন করবে।


## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ

- বিভিন্ন সামাজিক অনুষ্ঠান বা মূল্যবোধের ঘটনা সম্পর্কিত ছবি/ভিডিও দেখাবেন এবং তা ভালোভাবে পর্যবেক্ষণ করে বলতে বলবেন।
- শিক্ষার্থীরা তাদের প্রতিদিনের ঘটে যাওয়া ঘটনা থেকে তাদের অভিজ্ঞতালব্ধ খ্রীষ্টীয় মূল্যবোধগুলো সহভাগিতার মধ্য দিয়ে সুস্পষ্ট ধারণা লাভ করবে। এই ধারণা থেকে শিক্ষার্থীরা সমাজের বিভিন্ন কাজে খ্রীষ্টীয় মূল্যবোধের প্রকাশ চিহ্নিত করতে পারবে।

- এরপর শিক্ষক শিক্ষার্থীদের চিহ্নিত মূল্যবোধগুলো পোস্টার পেপারে লিখতে বলবেন এবং তা উপস্থাপন করতে বলবেন।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক পাঠ্যবই খুলে পড়তে বলবেন এবং প্রতিদিনের ঘটনা থেকে মূল্যবোধগুলো চিহ্নিত করে বলতে বলবেন।
- পাঠে উল্লিখিত সমাজ বাস্তবতায় খ্রীষ্টীয় মূল্যবোধগুলো নিম্নের তালিকা চক্র বোর্ডে অঙ্কন করে শিক্ষার্থীদের তা খাতায় লিখতে বলবেন।




- শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন এবং কিছুসংখ্যক শিক্ষার্থীকে তা উপস্থাপন করতে বলবেন।
- শিক্ষক পাঠে উল্লিখিত ‘ক’ -এর প্রশ্নোত্তরগুলো শিক্ষার্থীদের বলতে বলবেন।

## সক্রিয় পরীক্ষণ

- শিক্ষক নতুন কোনো ঘটনা থেকে মূল্যবোধগুলো চিহ্নিত করে বলতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বলা উত্তরগুলো নিজ নিজ খাতায় লিপিবদ্ধ করতে বলবেন।
- এরপর শিক্ষক পাঠের ‘খ’ -এর ঘটনা কিছুসংখ্যক শিক্ষার্থীকে বলতে বলবেন।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ৫

# প্রার্থনা ও বিশ্বশান্তি

## সেশন-২৭

## অর্জন উপযোগী যোগ্যতা

৪.২ বিশ্বশান্তি সম্পর্কে জেনে শান্তিপূর্ণ সহাবস্থান করতে পারা।

পাঠের শিরোনাম: **শান্তিপূর্ণ সহাবস্থান**।

## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করে শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষক শিক্ষার্থীদের বাসা/বাড়ির আশপাশে কারা বসবাস করে তা পাশাপাশি আলোচনা করতে বলবেন।
- শিক্ষার্থীরা বাসা/বাড়ির আশপাশে সামজিক আচার-অনুষ্ঠানে কীভাবে একে অপরকে সহযোগিতা করে তা দলে আলোচনা করে উপস্থাপন করবে।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ

- শিক্ষার্থীরা তাদের পরিবারে ও সমাজে কীভাবে একত্রে বসবাস করে তা চিন্তা করে বলবে।






- শিক্ষার্থীদের চিত্রটি ভালোমতো পর্যবেক্ষণ করে পূর্ব অভিজ্ঞতার সঙ্গে মিলিয়ে দেখতে বলবেন এবং জোড়ায় তা সহভাগিতা করবে।
- শিক্ষার্থীরা উপরের চিত্রের আলোকে তাদের বাসা/বাড়ির আশপাশে এ ধরনের চিত্র দেখতে পায় কি না তা তার অভিজ্ঞতা থেকে বলবে।
- শিক্ষার্থীরা তাদের বাসা/বাড়ির আশপাশে কী কী শান্তিপূর্ণ কাজ করে তার তালিকা লিখে উপস্থাপন করবে।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্য বই পড়তে বলবেন এবং পাঠ্য বইয়ের আলোকে তার পূর্বের অভিজ্ঞতা মিলাতে বলবেন।
- সকল মানুষের প্রতি সম্মান ও শ্রদ্ধা প্রদর্শন সম্পর্কে পবিত্র বাইবেলের শিক্ষা কত গুরুত্বপূর্ণ তা বুঝিয়ে বলবেন।
- শিক্ষক পাঠের প্রশ্নগুলোর উত্তর লিখতে সহায়তা করবেন।

## সক্রিয় পরিক্ষণ

- শিক্ষক শিক্ষার্থীদের দল ভাগ করে দিবেন ।
- শ্রেণিকক্ষে কিছু শিক্ষার্থীদেরকে নিয়ে গ্রুপ করে সহাবস্থান করাবেন এবং বাকি শিক্ষার্থীদের তা পর্যবেক্ষণ করে বলতে দিবেন।
- এরপর সহাবস্থানের জন্য নতুন কিছু উপায় লিখতে বলবেন।
- শিক্ষক বোর্ডে নিচের চক্রাকার বৃত্তটি অঙ্কন করে কাজটি বুঝিয়ে দিবেন।




শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ৬

# প্রার্থনা ও বিশ্বশান্তি

## সেশন-২৮

## অর্জন উপযোগী যোগ্যতা

৪.২ বিশ্বশান্তি সম্পর্কে জেনে শান্তিপূর্ণ সহাবস্থান করতে পারা।

পাঠের শিরোনাম: **ধর্মীয় সম্প্রীতিতে শান্তিপূর্ণ সহাবস্থান।**

## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করে শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষার্থীরা নিজেদের বাসা/বাড়িতে প্রার্থনার জন্য কী কী বই ব্যবহার করে তার নাম বলবে।
- ক্লাসের সহপাঠীরা কে কোন ধর্মের অনুসারী শিক্ষক শিক্ষার্থীদের তা বলতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বাসা/বাড়ির আশপাশে কোন কোন ধর্মের লোক বাস করে তা দলে আলোচনা করে উপস্থাপন করতে বলবেন। প্রয়োজনে শিক্ষক নিজের একটি অভিজ্ঞতা সহভাগিতা করবেন।



## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ

- শিক্ষক শিক্ষার্থীদের চিত্রটি ভালোমতো পর্যবেক্ষণ করে পূর্ব অভিজ্ঞতার সঙ্গে মিলিয়ে দেখতে বলবেন।
- চিত্রে দেওয়া প্রতীকগুলো কোনটি কোন ধর্মের তা বলতে বলবেনএবং প্রয়োজনে শিক্ষক তা বলতে সাহায্য করবেন।
- এরপর শিক্ষার্থীরা দলে বসে অন্য ধর্মের ধর্মগ্রন্থের নাম ও মূল বাণী নিয়ে আলোচনা করতে বলবেন।
- এই ধারণা থেকে কীভাবে সব ধর্মের মানুষ একত্রে বসবাস করে তা বলতে পারবে।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্য বইয়ে আজকের পাঠটি ভালোমতো পড়তে বলবেন।
- শিক্ষক পাঠের আলোকে সকল ধর্মের পবিত্র ধর্মগ্রন্থে শান্তিপূর্ণ সহাবস্থান সম্পর্কে কী বলেছে তা দলে আলোচনা করবে ও দল থেকে একজন উপস্থাপন করবে।
- এরপর শিক্ষার্থীরা পাঠ্যবইয়ের ‘ক’ নং প্রশ্নগুলোর উত্তর খাতায় লিখে উপস্থাপন করবে।

## সক্রিয় পরীক্ষণ

- শিক্ষক শিক্ষার্থীদের নিচের ছকের এলোমেলো শব্দগুলো ব্যবহার করে একটি অনুচ্ছেদ তৈরি করতে বলবেন।

| | | |
|---|---|---|
| ইসলাম ধর্ম | পবিত্র ত্রিপিটক | সর্ব জীবের কল্যাণ |
| হিন্দু ধর্ম | পবিত্র বাইবেল | ভালোবাসা ও সেবা |
| খ্রীষ্ট ধর্ম | পবিত্র ভগবদ গীতা | সাম্য, মৈত্রী, সম্প্রীতি |
| বৌদ্ধ ধর্ম | পবিত্র আল কুরআন | শান্তি |

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ৭

# প্রার্থনা ও বিশ্বশান্তি

## সেশন - ২৯

## অর্জন উপযোগী যোগ্যতা

৪.২ বিশ্বশান্তি সম্পর্কে জেনে শান্তিপূর্ণ সহাবস্থান করতে পারা।

পাঠের শিরোনাম: **বিশ্বশান্তি প্রতিষ্ঠায় ধর্মীয় ঐক্য**

## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করে শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষার্থীরা নিজ অভিজ্ঞতা থেকে অন্য ধর্মের ধর্মীয় উৎসবগুলি বলতে পারবে।
- অন্য ধর্মের ধর্মীয় উৎসবে অংশগ্রহণের অভিজ্ঞতা জোড়ায় সহভাগিতা করবে এবং শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।
- এরপর কিছু শিক্ষার্থীকে বলতে বলবেন ও প্রয়োজনে সহায়তা করবেন।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ






- শিক্ষক শিক্ষার্থীদের চিত্রটি ভালোমতো পর্যবেক্ষণ করতে বলবেন।
- এই উৎসবগুলোতে তারা কীভাবে অংশগ্রহণ করে তা দলে আলোচনা করতে বলবেন এবং তাদের অভিজ্ঞতার সঙ্গে মেলাবে।
- একে অপরের ধর্মীয় রীতিনীতি ও প্রথার প্রতি তারা কীভাবে সম্মান ও শ্রদ্ধা প্রদর্শন করে তা আলোচনা করে লিখতে বলবেন।
- শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন এবং প্রয়োজনে সহায়তা করবেন।
- এরপর শিক্ষক শিক্ষার্থীদের তা উপস্থাপন করতে বলবেন।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের পাঠটি ভালোভাবে পড়তে বলবেন এবং ধর্মীয় উৎসবগুলো কীভাবে সকলকে একত্র করে তা পর্যবেক্ষণ করতে বলবেন।
- এই একতা তাদের পরিবারে, সমাজে, দেশে এবং বিশ্বে শান্তি আনয়নে কীভাবে সহায়তা করে শিক্ষার্থীদের তা দলে সহভাগিতা করতে বলবেন ও কয়েকজনকে তা বলতে বলবেন।
- এরপর শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্য বইয়ের ‘ক’ ও ‘খ’ প্রশ্নের উত্তর খাতায় লিখতে বলবেন

  এবং প্রয়োজনে শিক্ষার্থীদের সহায়তা করবেন।

## সক্রিয় পরীক্ষণ

- শিক্ষক শিক্ষার্থীদের দল ভাগ করে দিবেন এবং পাঠ্যবইয়ের সহায়তায় শান্তি প্রতিষ্ঠার জন্য গুরুত্বপূর্ণ শব্দগুলি খুঁজে বের করে একটি তালিকা তৈরি করতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের হাতে ছোটো ছোটো কাগজ দিবেন এবং শান্তির প্রতীক অঙ্কন করতে বলবেন।
- এরপর শিক্ষক কয়েকজন শিক্ষার্থীকে সামনে এনে ধর্মীয় ঐক্যের একটি ভূমিকাভিনয় করতে বলবেন।
- শিক্ষার্থীরা তা পর্যবেক্ষণ করে নিজেরাও করে দেখাবে।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ৮

# প্রার্থনা ও বিশ্বশান্তি

## সেশন-৩০

## অর্জন উপযোগী যোগ্যতা

৪.২ বিশ্বশান্তি সম্পর্কে জেনে শান্তিপূর্ণ সহাবস্থান করতে পারা।

পাঠের শিরোনাম: **বিশ্বশান্তি প্রতিষ্ঠায় ঐক্যবদ্ধ প্রচেষ্টা।**

## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের সঙ্গে কুশল বিনিময় করে শিখন পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষার্থীরা পরিবারে, সমাজে, মণ্ডলীতে ও বিদ্যালয়ে কোন কাজগুলো একত্রে করে তা ৪/৫ জন বলবে।
- এই সম্মিলিত কাজ কীভাবে সকলের মনে আনন্দ ও শান্তি আনে তা দলে আলোচনা করবে এবং শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।
- এরপর সব দল থেকে ১ জন শিক্ষার্থীকে তা উপস্থাপন করতে বলবেন ও প্রয়োজনে সহায়তা করবেন।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ



ঐক্যবদ্ধ প্রচেষ্টা

- শিক্ষক শিক্ষার্থীদের চিত্রটি ভালোমতো পর্যবেক্ষণ করে কিছুক্ষণ চিন্তা করতে বলবেন।
- শিক্ষার্থীরা তাদের বাস্তব জীবনের সঙ্গে মেলাবে।
- এরপর শিক্ষার্থীরা পাশাপাশি জোড়ায় তা সহভাগিতা করবে।
- শিক্ষক তা পর্যবেক্ষণ করে প্রয়োজনে সহায়তা করবেন।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের আজকের পাঠ ভালোমতো পড়তে বলবেন।
- বিশ্বশান্তি প্রতিষ্ঠায় সকলে কীভাবে চেষ্টা করছে তা নিচের ছবিতে পর্যবেক্ষণ করতে বলবেন।




- শিক্ষক শিক্ষার্থীদের পাঠের আলোকে ছবিটি পর্যবেক্ষণ করে তারা কী বুঝতে পেরেছে তা বলতে বলবেন।
- শিক্ষক ৪/৫ জন শিক্ষার্থীর উত্তর শুনবেন এবং প্রয়োজনে সাহায্য করবেন।
- এরপর শিক্ষক পাঠের ‘ক’ ও ‘খ’ প্রশ্নগুলোর উত্তর লিখে শিক্ষার্থীদের তা উপস্থাপন করতে বলবেন।

## সক্রিয় পরীক্ষণ

- শিক্ষক শিক্ষার্থীদের দল ভাগ করে দিবেন।
- শিক্ষার্থীরা নিজ নিজ জায়গা থেকে কীভাবে পরিবার ও বিদ্যালয়ে শান্তির জন্য ভূমিকা রাখতে পারে তা লিখতে বলবেন।
- এরপর শিক্ষক পরিবার ও বিদ্যালয়ে কীভাবে শান্তি প্রতিষ্ঠা করা যায় শিক্ষার্থীদের তা অভিনয় করে দেখাতে বলবেন।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

শিখন যোগ্যতা মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা Performance Indicator (PI)

| শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | PI ক্রমিক নম্বর | পারদর্শিতার নির্দেশক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | ভালো | খুব ভালো | উত্তম |
| ৪.১ প্রার্থনা সম্পর্কে জানতে পারা ও খ্রীষ্টিয় মূল্যবোধ সম্পন্ন জীবনযাপন করতে পারা। | **PI-5** | **০৮.০৩.০১.০৫** প্রার্থনা সম্পর্কে জেনে খ্রীষ্টিয় মূল্যবোধ সম্পন্ন জীবনযাপন করতে পারছে । | প্রার্থনা ও খ্রীষ্টিয় মূল্যবোধ সম্পর্কে বলতে পেরেছে। | প্রার্থনা ও খ্রীষ্টিয় মূল্যবোধসম্পন্ন জীবনযাপন করতে পেরেছে। | প্রার্থনা ও ধর্মীয় বিধিবিধান মেনে চলে যেকোনো পরিবেশে খ্রীষ্টিয় মূল্যবোধের আলোকে জীবনযাপন করে অন্যকে অনুপ্রাণিত করতে পেরেছে। |
| | **PI-9** | **০৮.০৩.০১.০৯** প্রভুর প্রার্থনার মধ্যে মূল্যবোধগুলো খুঁজে বের করে তা অনুশীলন করতে পারছে। | প্রভুর প্রার্থনাা জেনে পরিষ্কাভাবে বলতে পেরেছে। | প্রভুর প্রার্থনাার মধ্যে মূল্যবোধগুলো খুঁজে বের করতে পেরেছে। | প্রভুর প্রার্থনাার মধ্যে মূল্যবোধগুলো নিজে অনুশীলন করে অন্যদেরকেও তা অনুশীলন করতে উদ্বুদ্ধ করতে পেরেছে। |
| ৪.২ বিশ্বশান্তি সম্পর্কে জেনে শান্তিপূর্ণ সহাবস্থান করতে পারা। | **PI-6** | **০৮.০৩.০১.০৬** বিশ্বশান্তি সম্পর্কে জেনে শান্তিপূর্ণ সহাবস্থান করতে পারছে । | বিশ্বশান্তি সম্পর্কে জেনে শান্তিপূর্ণ সহাবস্থান সম্পর্কে বলতে পেরেছে । | বিশ্বশান্তি সম্পর্কে জেনে নিজ পরিবেশে শান্তিপূর্ণ সহাবস্থান করতে পেরেছে। | বিশ্বশান্তি সম্পর্কে পরিপূর্ণভাবে জেনে যেকোনো পরিবেশে শান্তিপূর্ণ সহাবস্থান করে অন্যদের উৎসাহিত ও অনুপ্রাণিত করতে পেরেছে । |



# অধ্যায় ৫

পঞ্চম অধ্যায়

পাঠ: ১

# মানুষ, প্রকৃতি ও জীবজগৎ

## সেশন-৩১

## অর্জন উপযোগী যোগ্যতা

৫.১ 'মানুষ ও জীবজগৎ পরস্পর নির্ভরশীল' তা বুঝে জীবজগৎকে ভালোবাসতে ও যত্ন নিতে পারা।

পাঠের শিরোনাম: **জগৎসৃষ্টি**

## শিখন শিখানো কার্যাবলি

- শিক্ষক কুশল বিনিময় করবেন এবং পাঠ উপযোগী পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষার্থীরা পূর্ব অভিজ্ঞতা থেকে প্রকৃতিতে যা কিছু দেখেছে তা বলবে।
- চারপাশে যা কিছু আছে তার মধ্যে যেগুলো আমরা বানাতে বা সৃষ্টি করতে পারি না সেগুলো খুঁজে বের করে ক্লাসে উপস্থাপন করবে।
- তারপর শিক্ষক তাদেরকে ৩টি দলে ভাগ করে দেবেন।
- ১ম দল দিন ও রাতে কোথা থেকে আলো পাওয়া যায় সেটা নিয়ে নিজেদের মধ্যে আলোচনা করবে।
- ২য় দল বাইরের গাছপালা দেখে বিশেষ বৈশিষ্ট্যগুলো- গাছের এবং পাতার আকার, আকৃতি, রঙ ইত্যাদি উপস্থাপন করবে।
- ৩য় দল নদী ও সাগরের উপকারিতা সম্পর্কে আলোচনা করে উপস্থাপন করবে।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ

তাদের উপস্থাপনার ভিত্তিতে শিক্ষক তাদেরকে দিন ও রাতের একটা ছবি দেখিয়ে-

- শিক্ষার্থীরা শ্রেণিকক্ষের বাইরে প্রকৃতি দর্শন করতে যাবে।
- চাঁদ, তারা, সূর্য কীভাবে এল এবং এগুলো আমাদের কী কী কাজে লাগে তা জোড়ায় আলাপ করে উপস্থাপন করবে।
- আলো না থাকলে কী ধরনের অসুবিধার সম্মুখীন হতে হতো সেটা নিয়ে আলোচনা করার পর ২ থেকে ৩ জন উপস্থাপন করবে।
- গাছপালা না থাকলে কী হতো তা আলোচনা করে একজন উপস্থাপন করবে।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক বইয়ের পাঠ-১ খুলবেন এবংশিক্ষার্থীদের নিজ নিজ বইয়ের নির্ধারিত পৃষ্ঠা খুলতে বলবেন।
- বাইবেলের আদিপুস্তক ১:১-১২ পদের আলোকে ঈশ্বর কীভাবে শূন্য থেকে সৃষ্টি করলেন সে বিষয়ে তারা জানবে।
- ঈশ্বর প্রথম দিন কী কী সৃষ্টি করলেন এবং কীভাবে অন্ধকার ও আলোকে আলাদা করলেন তা পড়বে।
- আলো এবং অন্ধকার সময়ের জন্য ঈশ্বর যে নাম প্রদান করলেন তা জানবে।
- শিক্ষক বোর্ডে দিন ও রাত লিখবেন।তারপর দিন শব্দের পাশে সূর্য এবং রাত শব্দের পাশে চাঁদ ও তারা লিখবেন।
- শিক্ষার্থীরা পাঠ্যবই পড়ে আলোর প্রয়োজনীয়তা বুঝতে পারবে।
- বিভিন্ন ধরনের গাছপালা, ফুল ও ফল আমাদের খাবারের জন্য দেয়া হয়েছে জানবে।
- আমাদের খাদ্য, পানীয় ও বিভিন্ন কাজে ব্যবহারের জন্য নদী-সাগর দিয়েছেন তা জানবে।

## সক্রিয় পরীক্ষণ

- শিক্ষক শিক্ষার্থীদের তিনটি দলে ভাগ করে বাইরে নিয়ে যাবেন।
- এক দলকে গাছ, একদলকে পাতা ও বাকি দলটিকে ফুলের বৈচিত্র্য খুঁজে উপস্থাপন করতে বলবেন।
- ঈশ্বরের সৃষ্টি নিয়ে গান শিখবে (ঈশ্বর প্রভু আমি হই আপনহারা)।
- শিক্ষার্থীরা শ্রেণির কাজ করবে।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ২

# মানুষ, প্রকৃতি ও জীবজগৎ

## সেশন -৩২

## অর্জন উপযোগী যোগ্যতা

৫.১ 'মানুষ ও জীবজগৎপরস্পর নির্ভরশীল' তা বুঝে জীবজগৎকে ভালোবাসতে ও যত্ন নিতে পারা।

পাঠের শিরোনাম: **জীবজগৎ ঈশ্বরের আশীর্বাদে ধন্য হলো।**


## শিখন শিখানো কার্যাবলি

- শিক্ষক কুশল বিনিময় করবেন এবং পাঠ উপযোগী পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষক শিক্ষার্থীদেরকে ৩টি দলে ভাগ করে আগে থেকে তৈরি করা পশু, পাখি ও জলজ প্রাণির নাম বা ছবি সম্বলিত প্ল্যা-কার্ড সরবরাহ করবেন।
- তারপর ১ম দলকে গৃহপালিত পশু ও বন্য পশুর প্লে-কার্ড, ২য় দলকে পোষা পাখি ও বন্য পাখিরকার্ড এবং ৩য় দলকে মিষ্টি পানির ও সামুদ্রিক মাছের কার্ড এলোমেলো করে দেবেন।
- তারপর তাদেরকে একটা নির্দিষ্ট সময়ের মধ্যে সেগুলোকে আলাদা করতে দেবেন।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ



আশীর্বাদ ধন্য জীবজগৎ ও প্রকৃতি

- গৃহপালিত ও বন্য পশুপাখি আমাদের কী কী প্রয়োজন মিটিয়ে থাকে সেটা পারস্পরিক আলোচনা করে যে কোন একজন উপস্থাপন করবে।
- ঈশ্বর কী কারণে আমাদের প্রকৃতি এত বিচিত্র ধরনের প্রাণী দিয়ে পূর্ণ করেছেন তার কারণ দলীয়ভাবে আলোচনা করে উপস্থাপন করবে।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের বইয়ের ৫ম অধ্যায়ের পাঠ – ২ খুলতে বলবেন।
- আদিপুস্তক ১:২০-২২ পদের আলোকে ঈশ্বর পঞ্চম ও ষষ্ঠ দিনে কোন কোন ধরনের প্রাণী সৃষ্টি করলেন সে বিষয়ে পড়তে বলবেন।
- শিক্ষার্থীরা প্রাণী চক্রের মাধ্যমে প্রকৃতির ভারসাম্য রক্ষা সম্বন্ধে বুঝতে পেরেছে কিনা তা দলে আলোচনা করবে।
- শিক্ষার্থীরা প্রাণীকূলের প্রতি কীভাবে যত্নশীল হতে পারে, সে বিষয়ে একটি চার্ট তৈরি করে উপস্থাপন করতে দিবেন।

## সক্রিয় পরীক্ষণ

- শিক্ষার্থীদেরকে তিনটি দলে ভাগ করে দিবেন।
- একদলকে স্থলজ প্রাণী, একদলকে জলজ প্রাণী এবং অন্য দলকে আকাশের পাখিদের যত্ন ও সংরক্ষণে কী কী কাজ করতে পারে, শিক্ষার্থীরা তা অভিনয় করে দেখাবে।
- এ বিষয়ে ৪/৫ জন শিক্ষার্থী তাদের মতামত জানাবে। প্রয়োজনে শিক্ষক সহায়তা করবেন।
- শিক্ষার্থীদের বাড়ির আশপাশের রাস্তায় বাস করা বিড়াল ও কুকুরদের দেখলে কী করতে পারে তা প্রকাশ করবে।
- বইয়ে প্রদত্ত শ্রেণির কাজ করবে।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ৩

# মানুষ, প্রকৃতি ও জীবজগৎ

## সেশন-৩৩

## অর্জন উপযোগী যোগ্যতা

৫.১ ‘মানুষ ও জীবজগৎ পরস্পর নির্ভরশীল’ তা বুঝে জীবজগতকে ভালোবাসতে ও যত্ন নিতে পারা।

পাঠের শিরোনাম: **ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্ট সর্বোত্তম সৃষ্টি মানুষ।**

## শিখন শিখানো কার্যাবলি

- শিক্ষক কুশল বিনিময় করবেন এবং পাঠ উপযোগী পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষার্থীরা তাদের অভিজ্ঞতার আলোকে মানুষ কীভাবে অন্যান্য জীবজন্তু থেকে ভিন্ন, তা পাশাপাশি দুইজন করে আলোচনা করবে।
- শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন। শিক্ষক প্রয়োজনে সহায়তা করবেন।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ

- শিক্ষক পাঠ্যবইয়ের ছবি দেখিয়ে শিক্ষার্থীদেরকে চিন্তা করতে বলবেন এবং যে দুইজনকে দেখতে পাচ্ছে তাদের সম্পর্কে তারা যা জানে তা বলতে বলবেন।
- মানুষের বিভিন্ন মানবিক গুণ প্রকাশ করে এমন ছবি বা ভিডিও দেখাবেন।
- ছবি/ভিডিও দেখিয়ে মানুষ কোন অর্থে অন্য প্রানীর চেয়ে আলাদা তা শিক্ষার্থীদেরকে বলতে বলবেন।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের বইয়ের ৫ম অধ্যায়ের পাঠ-৩ খুলে পড়তে বলবেন।
- শিক্ষার্থীরা সহায়ক হিসেবে আদিপুস্তক ১:২৬-২৭ পদ পড়ে দলে আলোচনা করতে পারে।
- শিক্ষক ভালোভাবে পর্যবেক্ষণ করবেন। শিক্ষক নিম্নোক্ত প্রশ্নগুলো করে পাঠের বিষয়টি নিশ্চিত করবেন।


১. ঈশ্বরের সাদৃশ্যে বলতে মানুষের কোন দিককে বুঝানো হয়েছে?

২. ঈশ্বরকে কেন আমরা দেখতে পাই না?

৩. মানুষ কীভাবে ঈশ্বরের সাদৃশ্যে সৃষ্টি?

## সক্রিয় পরীক্ষণ

- শিক্ষার্থীদের দুইটি দলে ভাগ করে আদম ও হবার সৃষ্টির ঘটনা অভিনয় করে দেখাতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের ‘খ’ নং অনুশীলনী খাতায় লিখতে বলবেন।




শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ৪

# মানুষ, প্রকৃতি ও জীবজগৎ

## সেশন -৩৪

## অর্জন উপযোগী যোগ্যতা

৫.১ ›মানুষ ও জীবজগৎ পরস্পর নির্ভরশীল’ তা বুঝে জীবজগতকে ভালোবাসতে ও যত্ন নিতে পারা।

পাঠের শিরোনাম: **প্রকৃতি, জীবজগৎ ও মানবজীবন**

## শিখন শিখানো কার্যাবলি

- শিক্ষক কুশল বিনিময় করবেন এবং পাঠ উপযোগী পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- আমরা কোথা থেকে বাতাস পাই এবং বাতাস আমাদের বেঁচে থাকার জন্য কতটা জরুরী শিক্ষার্থীরা তা চিন্তা করে একে অপরের সঙ্গে আলোচনা করবে।
- বাতাসের উৎস, এর যে কোন ৩টি প্রয়োজনীয়তা এবং বাতাস না থাকলে কী হতে পারে, সেই সম্পর্কে শিক্ষার্থীদের প্রশ্ন করবেন।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ

- শিক্ষক শিক্ষার্থীদের প্রকৃতি বিষয়ে কিছু ছবি দেখিয়ে তা পর্যবেক্ষণ করতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের দলে ভাগ করে দিবেন এবং প্রকৃতির উপাদানগুলো আমাদের কী উপকার করে তা দলে আলোচনা করে উপস্থাপন করতে বলবেন।
- শিক্ষক নিম্নোক্ত চক্র বোর্ডে এঁকে তাতে ধারণাগুলো লিখতে বলবেন।


## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের বইয়ের ৫ম অধ্যায়ের পাঠ -৪ খুলে পড়তে বলবেন এবং সহায়ক হিসাবে আদিপুস্তক১:২৯-৩১ পদ পাঠ করে দলে আলোচনা করতে বলবেন।

- ঈশ্বর এতকিছু সৃষ্টি করে যত্ন নেয়ার দায়িত্ব আমাদের দিয়েছেন কেন? সে বিষয়ে শিক্ষার্থীরা জোড়ায় আলোচনা করে খাতায় লিখবে। ।

## সক্রিয় পরীক্ষণ

- প্রকৃতি ও মানবজীবন নিয়ে নীরবে ধ্যান করে ঈশ্বরকে ধন্যবাদ দিয়ে একত্রে প্রার্থনা করবে।
- জীবজগৎ ও প্রকৃতি কীভাবে মানুষের উপকারে আসে তা দলে আলোচনা করে খাতায় লিখে উপস্থাপন করবে।




শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ৫

# মানুষ, প্রকৃতি ও জীবজগৎ

## সেশন -৩৫

## অর্জন উপযোগী যোগ্যতা

৫.১ ›মানুষ ও জীবজগৎ পরস্পর নির্ভরশীল’ তা বুঝে জীবজগতকে ভালবাসতে ও যত্ন নিতে পারা।

পাঠের শিরোনাম: **ধ্বংসের কবলে প্রকৃতি, পরিবেশ ও জীবজগৎ।**

## শিখন শিখানো কার্যাবলি

- শিক্ষক কুশল বিনিময় করে পাঠদানের উপযোগী পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- ঈশ্বর সুন্দরভাবে যেমন সবকিছু সৃষ্টি করেছিলেন, শিক্ষার্থীরা তার সঙ্গে বর্তমান প্রকৃতির পার্থক্য খুঁজে বের করবে ও দলে আলোচনা করবে।
- ৪/৫ জন শিক্ষার্থী কয়েকটি বিষয় উপস্থাপন করার পর, বাতাস, ভূমি এবং নদী-সমুদ্রের পরিবর্তন বিষয়ে যা যা লক্ষ্য করেছে সেগুলো বোর্ডে লিখবে।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ


- ঈশ্বরের সৃষ্ট প্রকৃতির ছবি এবং বর্তমান প্রকৃতির ছবি দেখাবেন।
- প্রকৃতির পার্থক্যগুলোর কারণ কী হতে পারে তা চিন্তা করে তাদের কয়েকজনের মতামত নিবেন।

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের বইয়ের ৫ম অধ্যায়ের পাঠ-৫ খুলে পড়তে বলবেন।
- প্রকৃতির পরিবর্তন সম্পর্কে শিক্ষার্থীরা যা বলেছে / পর্যবেক্ষণ করেছে তার সঙ্গে মিলাতে বলবেন ।
- পবিত্র বাইবেলে প্রকৃতির যত্ন নেবার ব্যাপারে কী বলেছে তা তারা খুঁজে বের করে খাতায় লিখবে।

## সক্রিয় পরীক্ষণ

- শিক্ষার্থীরা দলে ভাগ হয়ে রোমীয় ৮:২৪ পদ পড়ে বিপন্ন পৃথিবীকে সুরক্ষা ও যত্ন করার কী দায়িত্ব ঈশ্বর মানুষকে দিয়েছেন, তা আলোচনা করে পোস্টার পেপার/খাতায় লিখে উপস্থাপন করবে।
- বন, নদী-সাগর এবং বায়ুমণ্ডলে দূষণের ভয়াবহতা বিষয়ে নিজে সচেতন হতে পারবে এবং অন্যদের সচেতন করার জন্যে একটি প্রকল্প তৈরি করবে।
- প্রকল্পটি তৈরি করতে নিম্ন লিখিত ছকটি ব্যবহার করবে।




শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

পাঠ: ৬

# মানুষ, প্রকৃতি ও জীবজগৎ

## সেশন - ৩৬

## অর্জন উপযোগী যোগ্যতা

৫.১ ›মানুষ ও জীবজগৎ পরস্পর নির্ভরশীল’ তা বুঝে জীবজগতকে ভালোবাসতে ও যত্ন নিতে পারা।

পাঠের শিরোনাম: **প্রকৃতি, পরিবেশ ও জীব জগতের সুরক্ষা ও যত্ন**

## শিখন শিখানো কার্যাবলি

- শিক্ষক কুশল বিনিময় করবেন এবং পাঠ উপযোগী পরিবেশ সৃষ্টি করবেন।

## বাস্তব অভিজ্ঞতা

- শিক্ষার্থীরা ঈশ্বরের সৃষ্ট প্রকৃতির অবস্থা এবং বর্তমান দূষিত পরিবেশের অবস্থা তুলনা করে তা জোড়ায় আলোচনা করে খাতায় লিখে উপস্থাপন করতে বলবেন।
- শিক্ষক তা ঘুরে ঘুরে পর্যবেক্ষণ করবেন।প্রয়োজনে সহায়তা করবেন।

## প্রতিফলনমূলক পর্যবেক্ষণ

- ঈশ্বরের সৃষ্ট প্রকৃতির ছবি / ভিডিও দেখাবেন।
- নিম্ন লিখিত প্রশ্নগুলো করবেন।

১. ছবি দেখে তোমরা কী বুঝতে পেরেছো?

২. কীভাবে আমরা ঈশ্বরের সৃষ্ট পরিবেশ ফিরে পেতে পারি?

৩. ধ্বংসের হাত থেকে পরিবেশকে রক্ষা করার জন্য তুমি কী করতে পারো?

## বিমূর্ত ধারণায়ন

- শিক্ষক শিক্ষার্থীদের বইয়ের ৫ম অধ্যায়ের পাঠ- ৬ খুলে পড়ে পূর্বের বাস্তব অভিজ্ঞতা মিলাতে বলবেন।
- শিক্ষার্থীরা দলে আলোচনা করবে শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।
- শিক্ষার্থীরা কীভাবে পরিবেশকে রক্ষা করতে পারে সে বিষয়ে পাশাপাশি আলোচনা করে লিখে উপস্থাপন করবে।

## সক্রিয় পরীক্ষণ

- নিম্ন লিখিত কাজগুলো শিক্ষার্থীরা অভিনয়ের মাধ্যমে উপস্থাপন করবে।
    ১. ফুল ও ফলের গাছ লাগাবে।
    ২. ময়লা আবর্জনা পরিষ্কার করবে।
    ৩. পরিবেশের যত্ন নিবে।
- মানুষ যেন প্রকৃতির যত্ন ও সংরক্ষণ করতে পারে তার জন্য সাহায্য চেয়ে ঈশ্বরের কাছে একটি প্রার্থনা করবে।

শিক্ষক শ্রেণিকার্যক্রমের বিভিন্ন পর্যায়ের পারদর্শিতার সূচক ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করবেন।

শিখন যোগ্যতা মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা Performance Indicator (PI)

| শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা | PI ক্রমিক নম্বর | পারদর্শিতার নির্দেশক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | ভালো | খুব ভালো | উত্তম |
| ৫.১ মানুষ ও জীবজগৎ পরস্পর নির্ভরশীল তা বুঝে জীবজগৎকে ভালোবাসতে ও যত্ন নিতে পারা । | PI-7 | **০৮.০৩.০১.০৭** মানুষ ও জীবজগৎ পরস্পর নির্ভরশীল তা বুঝে জীবজগৎকে ভালোবাসতে ও যত্ন নিতে পারছে। | ঈশ্বরের সৃষ্টিকে ভালোবেসে যত্ন ও রক্ষণাবেক্ষণ করা মানুষের দায়িত্ব তা বলতে পেরেছে। | ঈশ্বরের সৃষ্টিকে ভালোবেসে যত্ন ও রক্ষণাবেক্ষণ করা মানুষের দায়িত্ব তা জেনে সৃষ্টিকে রক্ষা করতে নিজ পরিবেশে সচেতন করতে পেরেছে। | ঈশ্বরের সৃষ্টিকে ভালোবেসে যত্ন ও রক্ষণাবেক্ষণ করা মানুষের দায়িত্ব তা জেনে ও বুঝে সব জায়গায় সৃষ্টিকে রক্ষা করে অন্যদেরও অনুপ্রাণিত করতে পেরেছে। |

সমাপ্ত